কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q1

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ন্যাবার্ডে ১৫৩
অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার
বিস্তারিত খবর ...পৃঃ ১৩

বর্ষ ৪২ সংখ্যা ৫১ | কলকাতা | বুধবার, ২০ জুলাই ২০২২/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ৪ শ্রাবণ ১৪২৯ | দাম ৪.০০ টাকা | ১৬ পাতা | R. N. 37120/80

## গার্ডেন রিচ শিপবিল্ডার্সে ২৪৫ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

বিভিন্ন ক্যাটেগরিতে ২৪৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস, গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে প্রার্থীদের বিভিন্ন ট্রেডে ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: APP:01/22.

**ট্রেড অ্যাপ্রেন্টিস: এক্স-আই টি আই:** আসনসংখ্যা ১৬৩টি। ট্রেডগুলি হল: ফিটার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই), ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, পাইপ ফিটার, কার্পেন্টার, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রনিক মেকানিক, পেইন্টার, মেকানিক (ডিজেল), ফিটার (স্ট্রাকচারাল), সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট (ইংলিশ), মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি স্বীকৃত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট। সেই সঙ্গে অল ইন্ডিয়া ট্রেড টেস্ট পাশ করে থাকতে হবে।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার):** আসনসংখ্যা: ৪০টি। ট্রেডগুলি হল: ফিটার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই), ইলেক্ট্রিশিয়ান, পাইপ ফিটার, মেশিনিস্ট। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। আই টি আই কোর্স পাশ বা আই টি আই কোর্সের কোনও পরীক্ষায় বসেছেন যাঁরা, তাঁরা আবেদন করবেন না।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** আসনসংখ্যা: ১৬টি। ট্রেডগুলি হল: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, সিভিল। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** আসনসংখ্যা: ৩০টি। ট্রেডগুলি হল:

এরপর ছয়ের পাতায়

## নৌবাহিনীতে ২০০ অগ্নিবীর

### স্টুয়ার্ড, শেফ, হাইজিনিস্ট

ট্রেনিং দিয়ে ২০০ জন অগ্নিবীর নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। 'ম্যাট্রিক রিক্রুটস' ক্যাটেগরিতে স্টুয়ার্ড, শেফ ও হাইজিনিস্ট পদে প্রার্থীদের নিয়োগ করা হবে ৪ বছরের জন্য। ১/২০২২ ব্যাচে ট্রেনিং শুরু হবে ২০২২-এর ডিসেম্বর মাসে। শুধুমাত্র অবিবাহিত তরুণ-তরুণীরা আবেদন করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মাধ্যমিক বা সমতুল। শেফের ক্ষেত্রে মেনু অনুসারে আমিষ ও নিরামিষ খাবার প্রস্তুত করা ও রেশনের হিসাব রাখার কাজ করতে হবে। স্টুয়ার্ডের ক্ষেত্রে ওয়েটার ও হাউসকিপিং স্টাফ হিসেবে অফিসার্স মেসে খাবার সরবরাহ করতে হবে। হিসাবপত্র রাখা, খাবারের মেনু তৈরি ও গুদামের হিসেবও রাখতে হবে। হাইজিনিস্টের ক্ষেত্রে টয়লেট পরিষ্কার-সহ

এরপর ছয়ের পাতায়

## এয়ার ইন্ডিয়ায় কেবিন ক্রু

**নিজস্ব প্রতিনিধি:** বছরের বিভিন্ন সময় কেবিন ক্রু নিয়োগ করে থাকে এয়ার ইন্ডিয়া। সংস্থার ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন দরখাস্ত করা যায়। এখনও করা যাচ্ছে।

এয়ার ইন্ডিয়ায় কেবিন ক্রু পদে আবেদন করতে পারেন পুরুষ-মহিলা উভয়ই। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে আবেদন করা যাবে। প্রার্থীকে ইংরেজি ও হিন্দি বলায় স্বচ্ছন্দ হতে হবে।

এরপর ছয়ের পাতায়

## জিপমারে ১৩৭ নার্স ও টেকনিশিয়ান

নার্সিং অফিসার এবং এক্স-রে টেকনিশিয়ান পদে ১৩৭ জনকে নেবে পুদুচেরির জওহরলাল ইনস্টিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ (জিপমার)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Admn-I/DR/1(2)/2022.

**শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ২১২০২২: নার্সিং অফিসার:** ১২৮টি (সাধারণ ৬৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ১৬)। মোট শূন্যপদের ৮০ শতাংশ মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। এর মধ্যে ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে অনার্স-সহ বি এসসি বা বি এসসি বা বি এসসি (পোস্ট-সার্টিফিকেট) বা পোস্ট-বেসিক বি এসসি পাশ। অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। এর পাশাপাশি নার্স বা মিডওয়াইফ হিসেবে স্টেট বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতার পাশাপাশি অন্তত ৫০ শয্যাবিশিষ্ট স্বাস্থ্য-প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৪৪,৯০০ টাকা।

**পোস্ট কোড ২২২০২২: এক্স-রে টেকনিশিয়ান (রেডিওথেরাপি):** ৩টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: রেডিয়েশন টেকনোলজি বা রেডিওথেরাপি টেকনোলজিতে বি এসসি। এর পাশাপাশি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ

এরপর ছয়ের পাতায়

## দিল্লির কলেজে সহ-অধ্যাপক

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ৮৩ জনকে নেবে দিল্লির পান্নালাল গিরধরলাল দয়ানন্দ অ্যাঙ্গলো-বেদিক কলেজ। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PGDAV(M)/Teaching/2022/01.

বিষয় অনুসারে শূন্যপদ: কমার্স ১৪টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, দৈহিক প্রতিবন্ধী ১), কম্পিউটার সায়েন্স ৫টি (সাধারণ ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ১), ইকনমিক্স ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, দৈহিক প্রতিবন্ধী ১), ইংলিশ ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, দৈহিক প্রতিবন্ধী ১), হিন্দি ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ২), হিস্ট্রি ৫টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২), ম্যাথমেটিক্স ১১টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১), পলিটিক্যাল সায়েন্স ১২টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২), সংস্কৃত ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে

এরপর ছয়ের পাতায়

## সি এস আই আর-ইউ জি সি-র নেট পরীক্ষায় আবেদনের শেষ তারিখ ১০ অগস্ট

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অধীন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে বিজ্ঞান শাখায় লেকচারার এবং জুনিয়র রিসার্চ ফেলোশিপের যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা 'নেট'-এর দরখাস্ত নেওয়া হচ্ছে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। জাতীয় স্তরে পরীক্ষাটি নিচ্ছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**পরীক্ষা নেওয়া হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে কোড নম্বর):** কেমিক্যাল সায়েন্সেস (৭০১), আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্সেস (৭০২), লাইফ সায়েন্সেস (৭০৩), ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (৭০৪) এবং ফিজিক্যাল সায়েন্সেস (৭০৫)।

**আবেদনের যোগ্যতা:** এম এসসি, বি এস (৪ বছরের) এবং বি ই, বি টেক, বি ফার্মা, এম বি বি এস, ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা সমতুল ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। উভয় ক্ষেত্রেই তফসিলি, তৃতীয় লিঙ্গভুক্ত ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারবেন। সব ক্ষেত্রেই ব্যাচেলর্স ডিগ্রিধারীরা এই নেট পরীক্ষায় সফল হয়ে ২ বছরের মধ্যে পি এইচ ডি


এরপর ছয়ের পাতায়

## আমাজনে চাকরি

**নিজস্ব প্রতিনিধি:** বহুজাতিক ই-কমার্স সংস্থা আমাজন নিয়মিত কর্মী নিয়োগ করে থাকে ভারত-সহ বিভিন্ন দেশে। নিয়োগ হয়ে থাকে রিটেল, কাস্টমার সার্ভিস, বিজনেস ইন্টেলিজেন্স, বিজনেস অ্যান্ড মার্চেন্ট ডেভেলপমেন্ট, অ্যাডমিনিস্ট্রেটিভ সাপোর্ট, বাইং-প্ল্যানিং অ্যান্ড ইন-স্টক ম্যানেজমেন্ট, ডেটা সায়েন্স, ডেটাবেস অ্যাডমিনিস্ট্রেশন, ডিজাইন, ইকনমিক্স, এডিটোরিয়াল-রাইটিং অ্যান্ড কনটেন্ট ম্যানেজমেন্ট,

এরপর ছয়ের পাতায়

JENPAS/ বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক উত্তীর্ণদের অভিনন্দন



ফিজিওথেরাপি চিকিৎসার জগতে প্রতিষ্ঠার প্রতিশ্রুতি

THE WEST BENGAL UNIVERSITY OF HEALTH SCIENCES

Affiliated

BARACKPORE COLLEGE OF EDUCATION

(Institute of Physiotherapy and Allied Health Sciences)

Admission Process is On

E-mail : bce.bpt.bkp@gmail.com

Website : bceweb.in

BACHELOR OF PHYSIOTHERAPY ( BPT )

8582933150, 9830619194, 7044440901

## অল্প পুঁজিতে নানা প্রয়োজনের স্যানিটাইজার তৈরির ব্যবসা

একটাই স্যানিটাইজার, কিন্তু হরেক তার গুণপনা। বিশেষ রাসায়নিক সূত্র মেনে তৈরি করা যেতে পারে এমন মাল্টিপারপাস জীবাণুনাশক। অভিনব এই স্যানিটাইজার বানিয়ে ভালো রোজগার হতে পারে। তবে প্রশিক্ষণ নিতে হবে। প্রশিক্ষণ দিচ্ছে 'প্রগতি'।



**নিজস্ব প্রতিনিধি:** করোনার চতুর্থ ঢেউ চলছে। যদিও, ইতিমধ্যে কোভিড অতিমারি আমাদের পরিচ্ছন্নতার শিক্ষা দিয়েছে। শুধু নিজে পরিচ্ছন্ন থাকা নয়। পরিবেশ পরিচ্ছন্ন রাখা, বাড়িঘর পরিচ্ছন্ন রাখাটাও অত্যন্ত জরুরি এখন। পরিবেশ পরিচ্ছন্ন রাখার দায়িত্ব অনেকাংশেই বর্তায় আঞ্চলিক প্রশাসনের উপর। তবে নাগরিকের ভূমিকাও এ ক্ষেত্রে যথেষ্ট গুরুত্বপূর্ণ। আর নিজেকে, নিজের আবাসটিকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার দায়িত্ব সম্পূর্ণই বর্তায় নিজের এবং পরিবারের সদস্যদের উপর। এই দায়িত্বটি এখন প্রায় একটা যুদ্ধের রূপ নিয়েছে। সেই যুদ্ধের হাতিয়ার সাবান, স্যানিটাইজার, জীবাণুনাশক ফিনাইল ইত্যাদি।

### একসঙ্গে অনেক কাজ

এমন কোনও স্যানিটাইজার যদি হাতের কাছে থাকত যা পরিচ্ছন্নতার নানা দিক সামলে নিতে পারে। করতে পারে একই সঙ্গে অনেক কাজ। সুবিধা হত না কি?

ভারত সরকারের ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের ট্রেনিং-কাম-ইনকিউবেশন সেন্টার, প্রগতি রিসার্চ ইনস্টিটিউশনের সোমনাথ রায়চৌধুরী জানাচ্ছেন, একসঙ্গে অনেকগুলো কাজ হয় এরকম স্যানিটাইজারের ব্যবস্থা করা যেতেই পারে। কী কী কাজ হবে এ ধরনের স্যানিটাইজারের ব্যবহারে? সোমনাথবাবু জানালেন, ক্ষতিকর জীবাণু নির্মূল হবে, মশা-মাছির উপদ্রব বন্ধ হবে, ঘরের বাতাসে ছড়িয়ে থাকবে সুগন্ধ। স্প্রে কিংবা কাপড় দিয়ে মোছা— দু'ভাবেই ব্যবহার করা যাবে এই স্যানিটাইজার।

### ব্যবসার সম্ভাবনা

সোমনাথবাবু জানালেন, 'পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে আমরা এরকম একটা মাল্টিপারপাস স্যানিটাইজার তৈরির পদ্ধতি বের করেছি। ন্যাশনাল স্মল

এরপর দুয়ের পাতায়

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**সমগ্র পশ্চিম বাংলায় ডকুমেন্ট'স** ভেরিফিকেশনের জন্য ফিল্ড এক্সিকিউটিভ প্রয়োজন। বাইক এবং স্মার্ট ফোন থাকা আবশ্যক। ইচ্ছুক ব্যক্তি নিম্নলিখিত নম্বরে সত্বর যোগাযোগ করুন-62922-12122/91471-58621.

☐

**Reqd Real Estate Sales Exec** Graduate with exp. in B2B Corporate, Real Estate, Financial Sales Salary 18K-25K 80160-82014/90733-38396.

☐

**Wanted Physics, Chemistry,** Mathematics Teacher for Emmanuel English School, Samsi Call: 97759-35578 or send cv to paulsonpt@gmail.com

☐

**A Leading Insurance Co.** Required Agency Manager. Age 25+ HS Pass. Salary upto 40,000/- +Incentives. Contact Immediately-98302-55501.

☐

**হাওড়া সালকিয়ায় NGO ক্লিনিকে মা ও** শিশুর জন্য মহিলা MBBS ডাক্তার চাই। আধাবেলা করে সপ্তাহে দু'দিন। Phone 98744-26780 Email: kids.calcutta.jobs@gmail.com

☐

**Reputed Indian Co reqd Mngr** Retd/ VRS/ Housewife/ Business-man 25-70 Part/Full Time High Incentive No Target+Other Benefit 70039-37136.

☐

**Book.Com এ বাড়ি বসে হাতে লিখে/** Comp টাইপ/ ফর্ম ফিলাপ করে সপ্তাহে 6000 - মাসে 30000 আয় (আসা যাওয়ার প্রয়োজন নেই)। 85840-78118/89100-49312.

☐

**Looking for suitable staff,** experienced in handling Overseas Recruitment and Placement jobs in a Govt authorised organisation at Madhyamgram. Call 033-2537-2424/94344-16703. Email- info.hollyface@gmail.com

☐

## Editor চাই

**Physics, Chemistry, Mathematics,** History ও Computer Science & Application-এ Honours Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets rayandmartineditor@gmail.com-এ email করুন। 6C রমানাথ মজুমদার স্ট্রিট। কল-৯. কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়্যারের কাছে।

☐

**বালিগঞ্জে প্রসিদ্ধ শাড়ী প্রতিষ্ঠানে** কাজের জন্য সেলসম্যান প্রয়োজন। যোগাযোগ-98833-48661, 033-2440-4094.

☐

**Aditya Group কলকাতা ব্রাঞ্চে পার্ট/** ফুল টাইম অফিস জবে Manager পদে Male/Female 25-65 Retd/ Housewife নিয়োগ Fixed Salary 25K+PF. 98313-13555.

☐

**বাঙালী মুসলিম বাড়িতে পরিষ্কার** পরিচ্ছন্ন ঘরোয়া কাজের জন্য ৪০ বছর বয়সের মধ্যে মহিলা চাই। বর্ধমান-হাওড়া মেন লাইনে খন্যান রেল স্টেশন। M.90069-63449.

☐

**ঘরে বসে নো টার্গেটে স্পট পেমেন্টে** একা/দুজনে বইকপি/ফর্ম ফিলাপ করে সপ্তাহে 12000 আয় অফিসে এসে/বাই পোস্টে কাজ পাবেন। 82760-07237/ 91633-97166. ☐

### কর্মখালি

**শিবপুর, মন্দিরতলার নিকটে বয়স্ক** স্বামী-স্ত্রীর দেখভাল ও বাড়ির কাজের জন্য সকাল ১০টা থেকে ৪টা পর্যন্ত বয়স্কা মহিলা চাই। M- 98304-12397.

☐

**কলিকাতায় বিশিষ্ট সংস্থায় প্রবীণদের** সহযোগমূলক পরিষেবার জন্য মহিলা Telecaller (work from home) এবং Service Co Ordinator (পুরুষ/মহিলা প্রয়োজন। Ph. 94332-45778, e-mail: enricosolutions15@gmail.com

☐

**GARDEN HIGH SCHOOL**
318 Prantik Pally, Kolkata 700107

**Invites applications for the post** of Senior English Teacher. Apply immediately with full particulars to the Secretary. Email: careers@gardenhighschool.org

☐

**Accountant Required VC Co-Op** Society, Kol-6 B.Com(H) with 2yrs Exp./M.Com. Adv. Excel Essential. vcecesltd@gmail.com/ 62912-06650 by 31/07/22.

☐

**PNB গ্রুপের অফিসে ম্যানেজার পদে** মহিলা ও পুরুষ কর্মী নিয়োগ চলছে। বয়স: 30-65 বছর। অবসরপ্রাপ্তরাও স্বাগত। বেতন+PF+ESI. Ph: 86092-96560/70033-22150.

☐

**টেলিকম 4G কোং SMS/জব পুরুষ/** মহিলা ঘরে বসে রোজগার 18000-45000/- মাসে ল্যাপটপ+মোবাইল ফ্রি। নাম+ঠিকানা Call/WApp/SMS 91638-03441, 91638-02209.

☐

**BE/B.Tech (Mech.), Age 54 to 60** years, needed for part-time works, pl. apply with CV to microptech@gmail.com

☐

**হাওড়া আন্দুলে Mulley's Restaurant** এর জন্য অভিজ্ঞ কুক (C.D.P) চাই। Mobile-98744-43939.

☐

**নতুন ভাবনায় প্রতিষ্ঠিত বহুজাতিক** সংস্থায় স্বল্প সময়ে আকর্ষনীয় আয়ে Retd সঃ বা সমতুল্য Executives (M/ F, স্নাতক 45-65)-দের সম্মানীয় পদে নিয়োগ 90518-44646.

☐

**Reqd Parttime Manager in Kol** MNC. Only for State/Central Govt-Retd/VRS/Housewife/ Student age 30-65, HS+Fixed Salary+Inc 74397-25400.

☐

**Leading Financial MNC Hiring** Saleswoman/Professional/MBA/Part/ Time. Fixed+High Incentive M-74393-09577.

☐

**Lawbook shop urgently require** Salesman age below 40/HS 93301-31698.

☐

**শিক্ষা প্রতিষ্ঠানে computer জানা** Office Assistance, Peon cum Service boy, শিক্ষক-শিক্ষিকার প্রয়োজন। futureaim.education@gmail.com

☐

**SBI/HDFC/ICICI Govt. ও Pvt.** ব্যাঙ্কে স্মার্ট বাংলাভাষী MP-MA (18-34) ছেলে/মেয়ে সরাসরি নিয়োগ বেতন-12912/-+PF+ESI বেলঘরিয়া-70449-16924 গড়িয়া-82829-16972 হাওড়া-89183-31204 কেষ্টপুর-84799-47154.

☐

**একটি ৩০ বছরের পুরানো কোম্পানী** Account (Tally) জানা Female Receptionist চায়। বেহালা অগ্রগণ্য। 89109-63965 (11am-5pm).

☐

### কর্মখালি

**Wanted female tele marketing** for Hotel Nest office at New Digha Salary upto 15000/- pm, 3 years exp, send cv whatsapp no 91-97759-42564

☐

**অভিজ্ঞ সেলসম্যান দরকার ফার্নিচার** ব্যবসায় কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিরা C.V. পাঠান bharat safesumit@gmail.com Ph- 97329-86251.

☐

**Experienced staff required for** hotel at south kolkata 1. Cook Helper for bengali multi cuisine restaurant 2. Stewart 3. Housekeeper 4. Front office executive. Mail moments.kolkata@gmail.com, Dial: 98317-56666.

☐

**A Reputed Hotel in Central** Kolkata hiring Front Desk Manager, Housekeeping, F&B, Chef & Helper. Please send your CV at Whatsapp No. 98047-77816 or email at rahul.sarkar87@gmail.com

☐

**Reqd. candidate (Graduate+** Bike) for Educational Promotion job at your own dist. blockwise. Salary 15K+PM. Convolution M-97480-21910.

☐

**৩০ অনুর্দ্ধ, ২ বছরের Tally-র** অভিজ্ঞতা সম্পন্ন, Garia বা নিকটবর্তী অঞ্চলের অফিস অ্যাসিস্ট্যান্ট চাই। বেতন 10,000/- (Negotiate). WhatsApp করুন 98311-11057.

☐

**নিয়োগ সমাচার চুক্তির ভিত্তিতে** CESC-তে মিটার রিডিং বিলিং ও Back office কর্মী চাই। বেতন 16780-24650+PF, ESI. M: 85839-52747.

☐

**Bank (DSA)-তে 20টি জেলায় বিনা** ডোনেশানে Male/Female নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম-স্নাতক, বেতন 14600/- - 62400/-+PF ESI. M: 83368-72369.

☐

**পঃ বঙ্গের প্রতিটি জেলায় বন্ধন ব্যাঙ্ক** (DSA)-তে Male/Female কর্মী নিয়োগ অষ্টম-স্নাতক। বেতন 14800-72200. Ex-আর্মীদের বিশেষ সুবিধা। M: 83368-65928.

☐

**We are looking for Expd** Personnel in Reputed MNC at Kolkata. HS+. Age 40+. No Sales. Retired/VRS/Housewife Prefer. M: 80170-46004.

☐

**এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ও** Bank DSA-তে বিভিন্ন পদে male/ female কর্মী চাই। বেতন 17500-52600+ থাকা খাওয়া Ex আর্মিদের বিশেষ সুবিধা আছে। M. 75968-31900.

☐

**Required an M.Sc (Psychology)** candidate for the role of School Counsellor at a higher secondary school in Salt Lake. Email CVs to cv@stfxonline.com

☐

**Start- up company requires** personnel on Accounts, Costing Sheet, Hotel Reservations executive and Tele Calling Executives. What's app CV 90074-30333.

☐

**Required Centre Coordinator,** Tally Prime, MS Office, GST, Income Tax, Companies Act, Labour Laws faculties and Content Writers on Full Time and/or Part Time basis for a Training Academy at Kolkata Those interested are to send their CV to flishacademy@gmail.com for consideration

☐

### কর্মখালি

**Reputed Co. in Kol dealing in** scientific laboratory items Reqd B.Sc fresh/expd, Age-upto 35yrs 1) Back Office Exec (Female) 2) Sales/Mktg/Service Exec (Male) CV with photo apply@eurasian associates.com

☐

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে** অফিসিয়াল ও যাত্রীদের খাবার প্যাকিং-এর জন্য কর্মী চাই। এছাড়া যাত্রী সুরক্ষার জন্য 27 জন Ex আর্মি প্রয়োজন বেতন 19380-32700+PF, ESI. M. 91400-28782.

☐

**Retd/VRS/গৃহবধূ-রা আসুন। আংশিক** সময়ের কাজে প্রচুর আয় করুন সঙ্গে বিদেশভ্রমণ আছে। Bank/Rail/Sail/ Govt কর্মী অগ্রগণ্য। 45-70yr HS+ Mob-89813-18763.

☐

**পরিষ্কার পরিচ্ছন্ন একটি অফিস যেখানে** Govt-Retd/VRS/Army-দের পার্টটাইম আয়ের সুযোগ 50-64 HS+মাসিক আয় 30K+PF+Medical Mrs কর্মকার-87770-58651.

☐

**Pvt ব্রিটানিয়া আমুল আশীর্বাদ** কোলগেট বিস্কফার্ম ইমামি DSA-তে ম্যানেজার TC/Peon রিশেপসনিস্ট স্টোরকিপার 35জন চাই। ESI PF OT বেতন 13k-40k 89614-99989.

☐

**Reqd Female 1) Dip Engr B.Tech** Engr having knowledge of computer 2) English medium Telecaller. Send CV-bnbassociate21@gmail.com

☐

**যখন খুশি আসুন যান বিনিময়ে অনেক** কিছু পান সঙ্গে ভ্রমণ Kol ভবানীপুরে MNC-তে Mngr-পদে Retd/VRS/ গৃহবধূ/ব্যবসায়ী 30-65 HS+ চাই Asit-99036-32646.

☐

## আই টি বি পি-তে সাব-ইনস্পেক্টর

৩৭ জন সাব-ইনস্পেক্টর (ওভারসিয়ার) নেবে ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স। প্রাথমিক ভাবে এটি অস্থায়ী নিয়োগ হলেও ভবিষ্যতে স্থায়ী হওয়ার সুযোগ রয়েছে। পুরুষ-মহিলা উভয়েই আবেদনের যোগ্য।

**শূন্যপদের বিবরণ:** পুরুষ: ৩২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৫, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। মহিলা: ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ৩)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে সিভিল ইঞ্জিনিয়া-রিংয়ে ডিপ্লোমা। **বয়স:** ১৪-৮-২০২২ তারিখে ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন। **বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা, নথিপত্র যাচাই, মেডিক্যাল এক্সামিনেশন ও রিভিউ মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.itbpolice.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৪ অগস্ট।

প্রার্থী বাছাই-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড** গ্র্যাজুয়েট লেভেল, ২০২০-এর স্কিল টেস্ট হবে ৪ ও ৫ অগস্ট। স্কিল টেস্ট হবে তিনটি পর্যায়ে— ডেটা এন্ট্রি স্পিড টেস্ট, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ জেনারেশন অব স্লাইড এবং স্প্রেড শিট (এম এস এক্সেল)। বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.ssc.nic.in

### কর্মখালি

**Free Visa. Reqd for construction** Co. crane operator/fitter/plumber/ supervisor/labour electrician/ guard. 70446-88993 Salary-40k-120k.

☐

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে** যাত্রীদের খাবার প্যাকিং-এর জন্য ও অফিসিয়াল পদে কর্মী চাই। বেতন 17850-38270 এক্স আর্মিদের বিশেষ ছাড় আছে। M. 83458-98575.

☐

**Placement! Europe, Japan,** Singapore Work Visa, Student Visa, Visit Visa Processing. Counseling for job foreign visit 62914-73467.

☐

**Job - Cook (Indian/Bengali)** Waiter, Restaurant Manager, Jalsa Family Restaurant. Jamshedpur 76320-11159/70291-32102.

☐

**20টি জেলায় Bank (DSA)-তে বিনা** ডোনেশানে Male/Female নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম - স্নাতক। বেতন 14600-52400+PF, ESI. M: 85369-25914.

☐

কর্মক্ষেত্র-র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৩ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

☐☐☐

৩ অগস্টের কর্মক্ষেত্র-র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩০ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

☐☐☐

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

### কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**

**মেডিসিন ড্রাইফ্রুড বিস্কুট কোং-তে** প্যাকিং ও লেবেলিং কর্মী চাই। বেতন: 11,200/- – 16,500/-, OT + বোনাস। M: 83278-79970.

☐

**প্রাইভেট ব্যাঙ্কে জেলাভিত্তিক স্থায়ী জব**

**L/c No.- KOL-WB50C97 পঃ** বাংলার বিভিন্ন প্রান্তে প্রাঃ ব্যাঙ্কে Back Office এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 93 জন M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary 16,500/- – 26,700/- MP-স্নাতক Age: 18-41, ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা। M: 73843-33014.

☐

**DIRECT JOINING BANK AIRPORT**

**Govt. RNO-5468 পঃ বঙ্গ-সহ উঃ বঙ্গে** বিনা ডোনেশানে সমস্ত জেলার, Bank-এ ও এয়ারপোর্টে M/F ৮ম-স্নাতক কর্মী চাই। বেতন: 18,100/- – 45,400/-, থাকা খাওয়া ফ্রী, Ex আর্মীর বিশেষ ছাড়। M: 94345-66797.

☐

**D গ্রুপে নিয়োগ**

**বিনা ডোনেশানে Bank ও এয়ারপোর্টে** ৮ম-স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 18,600/- – 45,700/-. PF, ESI, বোনাস-সহ থাকা খাওয়া। Ex Army স্বাগত। M: 94776-23974.

☐

**URGENT JOINING**

**বিনা ডোনেশানে Airport ও ব্যাঙ্ক-এ** অষ্টম-স্নাতক M/F নিয়োগ। বেতন: 18,200/- – 47,600/-, PF, ESI, OT, বোনাস-সহ থাকা খাওয়া ফ্রী। Try IT-যোগাযোগ: 89024-75357.

☐

## পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

## অল্প পুঁজিতে নানা প্রয়োজনের স্যানিটাইজার তৈরির ব্যবসা

*প্রথম পাতার পর*

ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের ছাড়পত্রও পাওয়া গেছে।'

২০০ মিলিলিটার স্যানিটাইজার বিক্রি হতে পারে ১০০ টাকায়। বিক্রি হতে পারে গৃহস্থ বাড়ি, আফিস-কাছারি, হাসপাতাল, নার্সিংহোম, স্কুলগুলিতে।

ব্যবসা শুরুর জন্য কেমন পুঁজির দরকার হবে? সোমনাথবাবু জানান, '১৫-২০ হাজার টাকা পুঁজি নিয়ে ব্যবসা শুরু করা যাবে। আরও ৫-৭ হাজার টাকা হাতে থাকা দরকার।' তাঁর পরামর্শ, যাঁরা ছোট আকারে ব্যবসা করবেন তাঁরা প্রথম দিকে নিজেরাই বিপণনের ব্যবস্থা করুন। তাতে বিপণনের খরচ কম রাখা যাবে এবং জিনিসটার কথা আরও ভালো করে বুঝিয়েও বলা যাবে। পরে বিপণনের জন্য কর্মী নিয়োগ করা যেতে পারে।

### প্রশিক্ষণের ব্যবস্থা

দিন তিনেকের প্রশিক্ষণ। নানা প্রয়োজনে ব্যবহারযোগ্য এই স্যানিটাইজার তৈরির প্রকৌশল কঠিন কিছু নয়। বিশেষ রাসায়নিক সূত্র মেনে স্যানিটাইজার তৈরি করতে হবে। সোমনাথবাবু জানিয়েছেন, কাজ করতে গিয়ে কোনও সমস্যা হলে প্রগতি রিসার্চ ইনস্টিটিউশনের দরজা খোলা থাকবে সর্বদা। সমস্যা সমাধানে সহায়তা করা হবে।

**প্রশিক্ষণের ফি:** ৩ হাজার টাকা।

**যোগাযোগের ঠিকানা:** প্রগতি রিসার্চ ইনস্টিটিউশন, নর্থ ঘোষপাড়া, বালি, হাওড়া-৭১১ ২২৭। ফোন: ২৬৭১-০২৯২, ৯৪৩২৪-৯০৩২১।

# শিপিং কর্পোরেশন অব ইন্ডিয়ায় চাকরি

ম্যানেজমেন্ট, ফিনান্স, ল এবং হিউম্যান রিসোর্স বিভাগে ৪২ জন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নেবে শিপিং কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে তিন বছরের চুক্তিতে। এর মধ্যে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 07/2022.

**বিভাগ অনুসারে শূন্যপদের বিবরণ: ম্যানেজমেন্ট**: ১৭টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এমবিএ বা বিজনেস ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা।

**ফিনান্স**: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা কস্ট অ্যাকাউন্ট্যান্ট।

**হিউম্যান রিসোর্স**: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: পার্সোনেল ম্যানেজমেন্ট বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা লেবার ওয়েলফেয়ারে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ বা এমএমএস বা উল্লিখিত বিষয়গুলির কোনওটিতে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ বা এমএমএস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**ল**: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ আইনে স্নাতক। সিএস পড়ে থাকলে অগ্রাধিকার।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স**: ১-৫-২০২২ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। নিয়মানুসারে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম**: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

দরখাস্ত করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.shipindia.com দরখাস্তের শেষ তারিখ ১৬ অগস্ট। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ১০০ টাকা)। দরখাস্তের সময় প্রার্থীর ফটো, সই, মার্কশিট, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# টেক্সটাইল মন্ত্রকে চাকরি

২৩ জন অ্যাটেন্ড্যান্ট ও জুনিয়র উইভার নেবে কেন্দ্রের বস্ত্র মন্ত্রক। প্রার্থীদের নিয়োগ করা হবে দেশের বিভিন্ন উইভার্স সার্ভিস সেন্টার এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: WSC/DLH/Admn.1(3)/2022/01.

**শূন্যপদের বিবরণ: জুনিয়র উইভার**: ৭টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক। কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৮ বছরের অভিজ্ঞতা থাকা চাই। হ্যান্ডলুম টেকনোলজি বা হ্যান্ডলুম অ্যান্ড টেক্সটাইল টেকনোলজিতে ডিপ্লোমা বা হ্যান্ডলুম উইভিংয়ে ২ বছরের সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম**: ২৯,২০০-৯২,৩০০ টাকা।

**অ্যাটেন্ড্যান্ট (উইভিং)**: ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা আই টি আই। সেই সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে টেক্সটাইল উইভিং বা ওয়াইন্ডিং বা ওয়ারপিংয়ে ডিপ্লোমা। কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে অথবা উইভার্স সার্ভিস সেন্টার বা ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজিতে উইভিং শাখায় অন্তত ৪ মাস মেয়াদের প্রশিক্ষণ-সহ ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বুক বাইন্ডিং, স্যাম্পল কাটিং ও বুকলেট তৈরির কাজ জানা থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম**: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

**অ্যাটেন্ড্যান্ট (প্রসেসিং)**: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা আই টি আই। সেই সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে টেক্সটাইল ডায়িং বা প্রিন্টিং বা ফেব্রিক প্রিন্টিং বা স্ক্রিন প্রিন্টিংয়ে ডিপ্লোমা। কোনও স্বীকৃত ডায়িং বা প্রসেসিং হাউসে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে অথবা উইভার্স সার্ভিস সেন্টার বা ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজি থেকে ডায়িং অ্যান্ড প্রিন্টিংয়ে অন্তত ৪ মাস মেয়াদের প্রশিক্ষণ-সহ ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতনক্রম**: ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

**বয়স**: সব ক্ষেত্রেই ৩০ বছরের মধ্যে হতে হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.handlooms.nic.in পূরণ করবেন যথাযথ ভাবে।

২৮ অগস্টের মধ্যে পূরণ করা দরখাস্ত প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র-সহ স্পিড পোস্ট বা রেজিস্টার্ড ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, Weavers' Service Centre, B-2 Weavers Colony, Bharat Nagar, Delhi-110 052. প্রার্থী বাছাই পদ্ধতি, দরখাস্তের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সার্টিফিকেশন ইঞ্জিনিয়ার্সে ইঞ্জিনিয়ার

৭২ জন ইঞ্জিনিয়ার ও সিনিয়র ইঞ্জিনিয়ার নেবে সার্টিফিকেশন ইঞ্জিনিয়ার্স ইন্টারন্যাশনাল। এটি কেন্দ্রীয় সরকারের ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ার অধীনস্থ সংস্থা। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে পারফর্ম্যান্সের ভিত্তিতে চুক্তির মেয়াদ ৩ বছর পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।

**শূন্যপদের বিবরণ: ইঞ্জিনিয়ার**: ১০টি। **সিনিয়র ইঞ্জিনিয়ার**: ৬২টি। **শিক্ষাগত যোগ্যতা**: মেকানিক্যাল বা প্রোডাকশন বা মেটালার্জি বা সিভিল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইনস্ট্রুমেন্টেশনে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা ডিপ্লোমা। সেই সঙ্গে এন ডি টি মেথডসে এ এস এন টি-টু লেভেল (যথা- ইউ টি, আর টি, এম পি টি, পি টি) উত্তীর্ণ হতে হবে। পাশাপাশি, ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ডিগ্রিধারীদের ২ বছর এবং ডিপ্লোমাধারীদের ৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সিনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ডিগ্রিধারীদের ৬ বছর এবং ডিপ্লোমাধারীদের ১২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স**: ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ডিগ্রিধারীদের ৩০ বছরের মধ্যে এবং ডিপ্লোমাধারীদের ৩৫ বছরের মধ্যে। সিনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ডিগ্রিধারীদের ৩৫ বছরের মধ্যে এবং ডিপ্লোমাধারীদের ৪০ বছরের মধ্যে। সব ক্ষেত্রেই ৩০-৬-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন**: ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৪১,২৫০ টাকা ও সিনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৫১,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। পূরণ করা আবেদনপত্র ৩১ জুলাইয়ের মধ্যে ই-মেল করতে হবে এই আই ডি-তে: recruit.hr2@ceil.co.in

আবেদনের পদ্ধতি, প্রার্থী বাছাই-সহ বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ceil.co.in

# টি এইচ ডি সি-তে ট্রেনি ইঞ্জিনিয়ার

৪৫ জন ট্রেনি ইঞ্জিনিয়ার নেবে টি এইচ ডি সি ইন্ডিয়া। নিয়োগ করা হবে সিভিল, মেকানিক্যাল এবং ইলেক্ট্রিক্যাল শাখায়। প্রার্থীকে অবশ্যই গেট-২০২২ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 09/2022.

**শূন্যপদের বিবরণ: সিভিল**: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

**ইলেক্ট্রিক্যাল**: ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**মেকানিক্যাল**: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

শিক্ষাগত যোগ্যতা: সিভিল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (পাওয়ার), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সঙ্গে ২০২২-এর গেট পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে (সি ই/এম ই/ই ই) বৈধ স্কোর করে থাকতে হবে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকেও মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর পাওয়া বাধ্যতামূলক।

বয়স: ১-৮-২০২২ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: ট্রেনিং চলাকালীন ৫০,০০০-১,৬০,০০০ টাকা। সফল ভাবে ১ বছরের ট্রেনিং শেষে সিনিয়র ইঞ্জিনিয়ার পদে নিয়োগের পর ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

গেট পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.thdc.co.in দরখাস্তের শেষ তারিখ ১ অগস্ট।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৬০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩ অগস্ট।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কোলকাতা
Syama Prasad Mookerjee Port, Kolkata
(Formerly KOLKATA PORT TRUST)

Applications are invited from Indian Nationals for engagement of 04** (four) Assistant Manager - HR on contract basis under Personnel and Industrial Relations Division/Administration Division, Haldia Dock Complex, Syama Prasad Mookerjee Port, Kolkata for posting at Haldia. For eligibility criteria and other details, please log on to www.smportkolkata.shipping.gov.in. The last date of receiving complete application is August 09, 2022.
(**May increase/decrease in future)

ON LINE
MBA, BBA,
BA, B Com, MA,
M Com, BCA, MCA
FROM
GOVT. UNIVERSITIES
(AICTE / UGC RECOGNISED)

Earning with Learning + 2yrs JOB Experiences

B.Com with Apprenticeship / Internship on JOB Training. From 2nd Year with Salary ₹8,000/- per month - ₹12,000/- per month.

Certificate in DIGITAL MARKETING / GST / Computer Accounting

For Details Contact : G. E. CENTER (Howrah • Hooghly • Durgapur • Guwahati)
8335877777 / 9007170572 / 8017888245

WBCS-23
Fresh Batch Class from 18th August, 2022
- SEPARATE TRAINED FACULTY FOR EACH SUBJECT
- BEST STUDY MATERIAL
- STRATEGY SESSIONS, TIME MANAGEMENT AND MENTORSHIP BY WBCS OFFICERS

Free WBCS Seminar / Scholarship Test - 7th August2022

BANK
Fresh Batch Class from 30th July, 2022

SSC
Fresh Batch Class from 23rd August, 2022

TET / CTET
Fresh Batch Class from 14th August, 2022

adda247
A Unit of banker's adda
CAREER POWER™
AN IIT/IIM ALUMNI COMPANY

RISHRA (HOOGHLY) • DURGAPUR

For Details Contact : 8335877777 / 8017888245 / 9007170572

# কারেন্ট অ্যাফেয়ার্স

২৪ জুন-৩ জুলাই

**২৪ জুন** কেন্দ্রের অবসরপ্রাপ্ত আমলা পরমেশ্বরণ আইয়ার নীতি আয়োগের নতুন সিইও হলেন। তিনি অমিতাভ কান্তের স্থলাভিষিক্ত হলেন। ৩০ জুন অমিতাভ কান্তের মেয়াদ শেষে দায়িত্বভার গ্রহণ করেন পরমেশ্বরণ। ১৯৮১ ব্যাচের আইএএস অফিসার আইয়ার এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ফ্ল্যাগশিপ প্রকল্প 'স্বচ্ছ ভারত মিশন'-এর নেতৃত্ব দিয়েছেন।

**ইউরোপীয় ইউনিয়নের সদস্য পদ প্রার্থীর স্বীকৃতি পেল ইউক্রেন।** ফেব্রুয়ারির তৃতীয় সপ্তাহে রাশিয়া সামরিক অভিযান শুরু করার পরপরই ইউরোপীয় ইউনিয়নের সদস্যপদ চেয়ে আর্জি জানিয়েছিল ইউক্রেন। এখনই সদস্য না হলেও, ব্রাসেলসের বৈঠকে 'সদস্যপ্রার্থী দেশ' হিসেবে স্বীকৃতি পেল ইউক্রেন। ইউনিয়নের ২৭টি দেশের সঙ্গে আলোচনার পরেই এ বিষয়ে সবুজ সঙ্কেত দিয়েছেন ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট শার্ল মিশেল।

**মুকুল রায় বিজেপিতে না তৃণমূলে রয়েছেন তা নিয়ে মীমাংসা না হলেও** আরও একবছর তিনি বিধানসভার পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান থেকে গেলেন। এদিনের অধিবেশনে বিধানসভার পাবলিক অ্যাকাউন্টস কমিটি-সহ ১৫টি কমিটির মেয়াদ আরও একবছর বাড়ানো হল। বিজেপি অবশ্য মুকুল রায়ের মেয়াদ বৃদ্ধিতে ক্ষোভ জানিয়েছে। তাদের বক্তব্য মুকুলবাবু বিজেপি থেকে জিতলেও এখন তৃণমূলে। যদিও অধ্যক্ষ বলেছেন তিনি বিজেপিতেই। মুকুল অবশ্য পরদিনই পিএসি থেকে সরে দাঁড়িয়েছেন। তাঁর ইস্তফা গৃহীত হয়েছে।

**২৫ জুন** গুজরাট দাঙ্গা নিয়ে মামলাকারী তিস্তা শেতলবাদ এবং গুজরাটের প্রাক্তন ডিজিপি আর বি শ্রীকুমারকে গ্রেপ্তার করল গুজরাট পুলিশের সন্ত্রাসদমন শাখা (এটিএস)। দু'জনেই গুজরাট দাঙ্গায় মোদীর যুক্ত থাকার দাবি করেছিলেন। যদিও একদিন আগেই সুপ্রিম কোর্ট জানিয়েছে সেই দাবি 'মিথ্যে', নির্দোষকে ফাঁসানোর জন্য 'উদ্দেশ্যপ্রণোদিত'। অবশ্য তিস্তা শেতলবাদের গ্রেপ্তারিতে ভারত ও বিশ্বের নানা প্রান্তে প্রতিবাদ উঠেছে।

**২৬ জুন** জি-৭ সম্মেলনে যোগ দিতে জার্মানি গিয়ে ভারতীয়দের এক সভায় জরুরি অবস্থার প্রসঙ্গ তুলে নরেন্দ্র মোদী বললেন, '৪৭ বছর আগে ভারতে গণতন্ত্রের কণ্ঠরোধ করে তাকে পদদলিত করার একটা চেষ্টা হয়েছিল। জরুরি অবস্থা ভারতের বর্ণময় গণতন্ত্রে একটা কালো দাগ।' বিরোধী পক্ষ কংগ্রেসকে আক্রমণ করতে প্রতিবছরই এই দিনটি মনে করাতে ভোলেন না মোদী। তবে জরুরি অবস্থা নিয়ে তাঁর এই মন্তব্যের চর্চা নানা মহলেই হয়েছে। সিপিএম নেতা সীতারাম ইয়েচুরি টুইট করেছেন '১৯৭৫-এর মতো এখনও অঘোষিত জরুরি অবস্থা জারি।'

**২৭ জুন** বিজেপি-র সাসপেন্ড হওয়া নেত্রী নূপুর শর্মার বিতর্কিত মন্তব্যের ভিডিয়ো ফাঁস করা সাংবাদিক মহম্মদ জুবেইরকে চার বছরের পুরনো একটি ঘটনায় গ্রেপ্তার করল দিল্লি পুলিশ। ফ্যাক্ট-চেকিং ওয়েবসাইট 'অল্ট নিউজ'-এর এই সাংবাদিক ২০১৮ সালে একটি বিতর্কিত টুইট করেছিলেন বলে অভিযোগ। সেই টুইটে ধর্মীয় ভাবাবেগে আঘাত এবং বিদ্বেষ ছড়ানোর অভিযোগে তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। তবে পুলিশের বিরুদ্ধেও অভিযোগ উঠেছে কোনও নোটিস বা এফআইআরের কপি ছাড়াই সেই পুরনো টুইটের জন্য জুবেইরকে গ্রেপ্তার করা হয়েছে। তবে, শাসকদলের আই টি সেলের দ্বারা প্রচারিত মিথ্যা খবরের পর্দা ফাঁস করার জন্যই জুবেইরের শাস্তি হল বলে অভিজ্ঞ মহলের মতামত।

**২৮ জুন** বাম জমানায় দীর্ঘ ৩৪ বছর বিধায়ক থাকা এসইউসিআই (সি) নেতা দেবপ্রসাদ সরকার (৮৭) প্রয়াত হলেন। ১৯৭৭ সালে জয়নগর বিধানসভা থেকে প্রথম জয়ী হয়েছিলেন তিনি। শিক্ষক আন্দোলনের নেতৃত্বেও অবদান ছিল তাঁর।

**শাপুরজি পালোনজি গোষ্ঠীর প্রধান** পালোনজি মিস্ত্রি (৯৩) প্রয়াত হলেন। রিজার্ভ ব্যাঙ্ক ভবন, বম্বে ওবেরয় হোটেল-এর মতো আইকনিক ভবন তৈরির নজির রয়েছে পালোনজি-র। ১৫০ বছরেরও বেশি বয়সি গোষ্ঠীর প্রধান মুখ হিসেবে তিনিই দীর্ঘকাল ছিলেন সংস্থার প্রধান।

**১ জুলাই** পাকিস্তানের ন্যাশনাল ইনফরমেশন টেকনোলজি বোর্ড (এনআইটিবি) টুইটারে একটি বিবৃতি দিয়ে জানাল, দেশে এভাবে জ্বালানি সঙ্কট চলতে থাকলে ইন্টারনেট ও মোবাইল পরিষেবা শীঘ্রই বন্ধ করে দিতে হবে। কারণ মোবাইল পরিষেবা সচল রাখতে অবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ জরুরি। পাকিস্তানে বিদ্যুৎ উৎপাদন এখন অনেকটাই তরল প্রাকৃতিক গ্যাস (এলএনজি) নির্ভর। কয়েকদিন আগেই সে দেশের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফও জানিয়েছেন দেশে পর্যাপ্ত পরিমাণে গ্যাস মজুত নেই।

**ভারত ও পাকিস্তান বন্দি তালিকা বিনিময়** করল। পাকিস্তানের জেলে বন্দি ৫৩৬ জন ভারতীয় মৎস্যজীবী ও তিন জন সাধারণ নাগরিকের মুক্তির দাবি জানিয়েছে ভারত। চুক্তি অনুযায়ী প্রতিবছর ১ জানুয়ারি ও ১ জুলাই দুই দেশ এই তালিকা বিনিময় করে। ভারতের জেলে বন্দি ৩০৯ জন পাকিস্তানি সাধারণ নাগরিক ও ৯৫ জন মৎস্যজীবীর তালিকা ভারতের তরফে পাকিস্তানের হাতে তুলে দেওয়া হয়েছে। পাকিস্তানও ৪৯ জন নাগরিক ও ৬৩৩ জন মৎস্যজীবীর তালিকা ভারতের হাতে তুলে দিয়েছে।

**রাষ্ট্রপতি নির্বাচনে দ্রৌপদী মুর্মুকে প্রার্থী** করার কথা বিজেপি আগে জানালে তাঁরা ভেবে দেখতে পারতেন বলে মন্তব্য করলেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর মতে, একজন জনজাতি মহিলা রাষ্ট্রপতি পদে সর্বসম্মত প্রার্থী হতেই পারতেন। বিরোধীরা সকলে মিলে যেহেতু দ্রৌপদীর বিরুদ্ধে প্রার্থী দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে, তাই অন্যেরা না বললে তাঁর একার পক্ষে 'ফিরে আসা' সম্ভব নয় বলেও উল্লেখ করেন মমতা।

**২ জুলাই** মণিপুরের নোনে জেলায় মারাংচিং স্টেশনের কাছে নামা ধসে মৃতের সংখ্যা ২৯ জনে পৌঁছল। মৃতদের মধ্যে ২০ জনই টেরিটোরিয়াল আর্মির সদস্য। ২৯ জুন প্রথম ধস নামার ঘটনার পর নতুন করে আরও কয়েকবার ধসের ঘটনা ঘটেছে মারাংচিং এলাকায় পাহাড়ের অন্য অংশে। বায়ুসেনার বিশেষ বিমান ও হেলিকপ্টারের সাহায্যে উদ্ধারকাজ চালানো হচ্ছে।

**প্রবীণ কূটনীতিক সতিন্দর লাম্বা (৮১)** দীর্ঘ অসুস্থতার পর প্রয়াত হলেন। পাকিস্তান, আফগানিস্তান ও রাশিয়ার সঙ্গে কূটনৈতিক সম্পর্কে বিশেষ ভূমিকা নিয়েছিলেন তিনি। প্রাক্তন পাক প্রেসিডেন্ট পারভেজ মুশারফের দূত তারিক আজিজের সঙ্গে নানা দেশে গোপন বৈঠক করে কাশ্মীর সমস্যার সমাধান করতে একটি পরিকল্পনাও করেন তিনি। কিন্তু পাকিস্তানে অভ্যন্তরীণ গোলমালের জন্য সেই পরিকল্পনা কার্যকর করতে পারেনি তৎকালীন ভারত সরকার।


**বাংলাদেশের শাসক দল আওয়ামি লিগের প্রবীণ নেতা এবং** উপদেষ্টামণ্ডলীর সদস্য মুকুল বসু (৬৮) প্রয়াত হলেন। সে দেশের বীর মুক্তিযোদ্ধা মুকুল বসু ছিলেন শেখ মুজিবর রহমানের অত্যন্ত ঘনিষ্ঠ ও স্নেহভাজন। ভারতে প্রশিক্ষণ নিয়ে পূর্ব পাকিস্তানে ফিরে পাকিস্তানি বাহিনীর বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে নেমেছিলেন তিনি। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর আওয়ামি লিগের অন্যতম প্রধান নেতা হিসেবে দেশ গঠনে আত্মনিয়োগ করেন।

**ইউক্রেনে আরও যুদ্ধাস্ত্র সরবরাহের** সিদ্ধান্ত নিল আমেরিকা। পেন্টাগন জানিয়েছে এই অস্ত্র সম্ভারের মধ্যে রয়েছে দু'টি ন্যাসামস ভূমি থেকে বায়ু ক্ষেপণাস্ত্র ব্যবস্থা, চারটি রেডার সিস্টেম-সহ মোট ৮২ কোটি ডলারের অস্ত্রশস্ত্র। কয়েকদিন আগেই নতুন অস্ত্র-সাহায্যের কথা ঘোষণা করেছিলেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। ইউক্রেনে লাগাতার হামলার জেরে নেটো সিদ্ধান্ত নিয়েছে, কিভকে অস্ত্র সরবরাহ চালিয়ে যাওয়া হবে। তার জন্যই আমেরিকার এই নতুন প্যাকেজ। পরিসংখ্যান অনুযায়ী ইউক্রেনে রুশ আগ্রাসন শুরু হওয়া থেকে এ পর্যন্ত ওয়াশিংটন অন্তত ৬৯০ কোটি ডলারের অস্ত্র সরবরাহ করেছে কিভ প্রশাসনকে।

**৩ জুলাই** লস্কর-ই-তইবার দুই ফেরার জঙ্গি তালিব হুসেন ও ফয়জল আহমেদ দার-কে অস্ত্র-সহ পাকড়াও করে পুলিশের হাতে তুলে দিলেন জম্মু ও কাশ্মীরের রিয়াসি জেলার তকমান গ্রামের বাসিন্দারা। ধৃত জঙ্গিদের সঙ্গে জম্মু-কাশ্মীর বিজেপি-র সংখ্যালঘু শাখা এবং আই টি সেল-এর ঘনিষ্ঠ যোগাযোগের অভিযোগ উঠেছে। ধৃত হুসেন দুমাস আগেও বিজেপির সক্রিয় কর্মী ছিল বলে জানা গিয়েছে। উল্লেখ্য, উদয়পুরে দর্জি কানহাইয়া লাল হত্যাকাণ্ডে মূল অভিযুক্ত রিয়াজ আখতারির সঙ্গেও রাজস্থানের বিজেপি নেতাদের ওঠা-বসার ছবি প্রকাশ্যে এসেছিল। উদয়পুরের পরে উপত্যকাতেও জঙ্গিদের সঙ্গে বিজেপির যোগ মেলায় সরব বিরোধীরা। তাদের বক্তব্য ভারতের নানা প্রান্তে অশান্তি ছড়িয়ে রাজনৈতিক ফায়দা তুলতে চাইছে বিজেপি।

**মহারাষ্ট্র বিধানসভার স্পিকার নির্বাচনে** শিবসেনা প্রধান উদ্ধব ঠাকরের প্রার্থী রাজন সালভিকে হারিয়ে নতুন স্পিকার নির্বাচিত হলেন বিজেপির রাহুল নার্ভেকর। বিধানসভার বিশেষ অধিবেশনে এদিনের ভোটাভুটিতে রাহুল পেলেন ১৬৪টি ভোট, রাজন ১০৭টি ভোট। প্রসঙ্গত গতবছরের ফেব্রুয়ারিতে কংগ্রেসের নানা পটোলের ইস্তফার পর থেকে স্পিকার পদটি ফাঁকাই ছিল। স্পিকার নির্বাচনের পর মহারাষ্ট্রের উপ মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীস জানিয়েছেন, ৪৫ বছর বয়সি রাহুলই এই মুহূর্তে দেশের তরুণতম স্পিকার।

## পদ্মাসেতুর উদ্বোধন বাংলাদেশে



**২৫ জুন:** বহু প্রতীক্ষিত পদ্মানদীর সেতু বাস্তবে রূপ নিল। ৯.৮৩ কিলোমিটার দৈর্ঘ্যের এই সেতুর উদ্বোধন করে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বললেন, 'এই সেতু দেশের সক্ষমতার প্রতীক।' দেশের দুই ভাগকে যেমন জুড়ল এই সেতু তেমনই ওপার বাংলাকে এপার বাংলার আরও কাছে এনে দিল। ২০১২ সালে এই সেতু তৈরির কাজ শুরু হওয়ার পরে বিশ্ব ব্যাঙ্ক জানিয়ে দিয়েছিল এই সেতুর জন্য তারা অর্থ দিতে পারবে না। ২০১৪ সালে নতুন উদ্যমে সেতুর কাজ শুরু হয়। প্রধানমন্ত্রী হাসিনা ঘোষণা করেন বাংলাদেশ নিজের অর্থেই সেতু তৈরি করবে।



"আমাদের ফৌজদারি বিচারব্যবস্থায় গোটা পদ্ধতিটাই একটা শাস্তি। তাড়াহুড়ো করে নির্বিচার গ্রেফতারি থেকে শুরু করে জামিন পেতে সমস্যা— যে ভাবে বিচারাধীনদের দীর্ঘদিন ধরে বন্দি থাকতে হয়, সেই পুরো প্রক্রিয়াটিতেই জরুরি ভিত্তিতে নজর দেওয়া প্রয়োজন।... সরকার ও বিরোধীদের মধ্যে আগে যথেষ্ট পারস্পরিক শ্রদ্ধা ছিল। দুর্ভাগ্যজনক ভাবে, বিরোধীদের সেই পরিসরটি কমে আসছে।"

**এন ভি রমণা,** *ভারতের প্রধান বিচারপতি*
ভারতের গণতন্ত্রের স্বাস্থ্য এবং বিচারব্যবস্থার পদ্ধতিগত সমস্যা নিয়ে উদ্বেগ প্রকাশ করে

## মহারাষ্ট্রে নয়া মুখ্যমন্ত্রী শিন্ডে, ফড়নবীস উপ-মুখ্যমন্ত্রী



**৩০ জুন:** শিবসেনার বিদ্রোহী নেতা একনাথ শিন্ডে মহারাষ্ট্রের নতুন মুখ্যমন্ত্রী হলেন। বিজেপি-র সঙ্গে হওয়া নতুন জোট সরকারে সে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীস পেলেন উপ মুখ্যমন্ত্রীর আসন। রাজনৈতিক সূত্রের দাবি, শিন্ডের রাজনৈতিক প্রভাবের কারণেই তাঁকে মুখ্যমন্ত্রী পদে বসাতে হল বিজেপিকে। শিন্ডে যে ভাবে প্রভাব বিস্তার করে শিবসেনাতে ফাটল ধরিয়েছেন ও উদ্ধব ঠাকরের নেতৃত্বাধীন মহাবিকাশ আগাড়ি সরকারকে ক্ষমতাচ্যুত করেছেন তার পরে শিন্ডেকে মুখ্যমন্ত্রী হিসেবে মেনে নেওয়া ছাড়া উপায় ছিল না।

## ইস্তফা উদ্ধব ঠাকরের




**২৯ জুন:** একসঙ্গে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীর পদ এবং বিধান পরিষদ থেকে ইস্তফা দিলেন উদ্ধব ঠাকরে। মহারাষ্ট্র বিধানসভায় সংখ্যাগরিষ্ঠতার প্রমাণ দিতে হবে বলে সুপ্রিম কোর্টের রায় সামনে আসার পরই ইস্তফা দেওয়ার সিদ্ধান্ত নেন উদ্ধব। তাঁর ইস্তফার সঙ্গে সঙ্গেই পতন হল ৩১ মাসের পুরনো মহাবিকাশ আগাড়ি জোট সরকারের। তবে পরিষদীয় রাজনীতিতে না থাকলেও শিবসেনাকে নতুন করে গড়ে তুলতে আগামী দিনে তিনি রাজনীতিতে সক্রিয় থাকবেন বলে জানিয়েছেন উদ্ধব।

## বুমরার বিশ্বরেকর্ড




**১ জুলাই:** কপিল দেবের পর পেস বোলার হিসেবে ভারতের অধিনায়ক হওয়ার নজির গড়লেন যশপ্রীত বুমরা। ইংল্যান্ডের বিরুদ্ধে এজবাস্টন টেস্টে রোহিত শর্মার পরিবর্ত হিসেবে অধিনায়কের দায়িত্ব পেলেন তিনি। এরপর ২ জুলাই টেস্টের দ্বিতীয় দিন ব্যাট হাতে ভেঙে দিলেন ব্রায়ান লারার এক ওভারে সবচেয়ে বেশি রান করার বিশ্বরেকর্ড। ২০০৩-০৪ মরসুমে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে টেস্টে বাঁ-হাতি স্পিনার রবিন পিটারসেনের এক ওভারে লারা নিয়েছিলেন ২৮ রান। বুমরা এদিন স্টুয়ার্ট ব্রডের এক ওভার থেকে ২৯ রান করেন।

## পাহাড়ে জয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চার



**২৯ জুন:** পাহাড়ে জিটিএ নির্বাচনে জিতল তৃণমূলের জোটসঙ্গী অনীত থাপার ভারতীয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চা। জিটিএ-র মোট ৪৫টি আসনের মধ্যে প্রজাতান্ত্রিক মোর্চা পেয়েছে ২৭টি আসন, তৃণমূল জিতেছে ৫টিতে, সদ্য তৈরি হওয়া হামরো পার্টি পেয়েছে ৮টি আসন। এই প্রথম জিটিএ নির্বাচনে জিতে খাতা খুলল তৃণমূল। অন্যদিকে, ৩৩ বছর পর শিলিগুড়ি মহকুমা পরিষদ বামেদের হাতছাড়া হয়ে প্রথমবার তৃণমূলের হাতে গেল।

## পয়গম্বর বিতর্কে শীর্ষ আদালতের ভর্ৎসনা নূপুরকে



**১ জুলাই:** পয়গম্বর বিতর্কের জেরে সুপ্রিম কোর্ট বিজেপির প্রাক্তন মুখপাত্র নূপুর শর্মাকে ভর্ৎসনা করে বলল, গোটা দেশে যা চলছে, তার জন্য নূপুরই দায়ী। বিচারপতি সূর্যকান্ত বলেছেন, 'এসব মন্তব্য করার কী প্রয়োজন ছিল? উনি যেভাবে দেশ জুড়ে আবেগ উস্কে দিয়েছেন... দেশে যা হচ্ছে, এই মহিলা তার জন্য একা দায়ী।' শীর্ষ আদালতের মতে, নূপুরের উচিত ছিল টেলিভিশনের মাধ্যমে গোটা দেশের কাছে ক্ষমা চাওয়া। কিন্তু তিনি অনেক দেরিতে নিজের মন্তব্য প্রত্যাহার করেছেন। প্রসঙ্গত, আন্তর্জাতিক চাপের মুখে বিজেপি নূপুরকে শুধুমাত্র দল থেকে সাসপেন্ড করেছে। পুরোপুরি বহিষ্কারও করেনি। এই অবস্থায় সুপ্রিম কোর্টের অবস্থানকে তাৎপর্যপূর্ণ বলে মনে করছে সব মহল।

# কল্যাণী এইমসে প্রফেসর, অ্যাডিশনাল প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

প্রফেসর, অ্যাডিশনাল প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ৮৯ জনকে নেবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস। কল্যাণী ক্যাম্পাসে অ্যানাস্থিশিয়া, বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিওলজি-সহ বিভিন্ন বিভাগে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 720/E-12011/6/21-(FAC).

**শূন্যপদের বিন্যাস:** অ্যানাস্থিশিয়া: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ২টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ২টি। অ্যানাটমি: অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি। বায়োকেমিস্ট্রি: অ্যাডিশনাল প্রফেসর: ১টি। বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি: প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। কার্ডিওলজি: প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। ডার্মাটোলজি: অ্যাডিশনাল প্রফেসর: ১টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। এন্ডোক্রিনোলজি: অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি। ই এন টি: অ্যাডিশনাল প্রফেসর: ১টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি। ফরেন্সিক মেডিসিন অ্যান্ড টক্সিকোলজি: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ২টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ২টি। গ্যাস্ট্রোএন্টেরোলজি: প্রফেসর: ১টি। জেনারেল মেডিসিন: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ২টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। জেনারেল সার্জারি: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ১টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ৩টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। মেডিক্যাল অঙ্কোলজি হেমাটোলজি: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ১টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। মাইক্রোবায়োলজি: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ২টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি। নিওন্যাটোলজি: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ১টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি। নেফ্রোলজি: প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। নিউরোলজি: প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। নিউক্লিয়ার মেডিসিন: অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি: প্রফেসর ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। অপথ্যালমোলজি: প্রফেসর: ১টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ২টি। অ্যানাস্থিশিয়া: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ২টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ২টি। অর্থোপেডিক্স: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ১টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। পেডিয়াট্রিক সার্জারি: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ২টি। পেডিয়াট্রিক্স: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। প্যাথোলজি: অ্যাডিশনাল প্রফেসর: ২টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ২টি। ফার্মাকোলজি: প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন: প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। ফিজিওলজি: অ্যাডিশনাল প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ২টি। সাইকিয়াট্রি: প্রফেসর: ১টি। পালমোনারি মেডিসিন: প্রফেসর: ১টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। রেডিওলজি: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ১টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ২টি। রেডিওথেরাপি: প্রফেসর: ১টি। সার্জিক্যাল গ্যাস্ট্রোএন্টেরোলজি: অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। সার্জিক্যাল অঙ্কোলজি: প্রফেসর: ১টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১টি। ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক: প্রফেসর: ১টি, অ্যাডিশনাল প্রফেসর: ১টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimskalyani.edu.in দরখাস্তের শেষ তারিখ ১৫ অগস্ট। অনলাইনে সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি ৩০ অগস্টের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## THE WEST BENGAL NATIONAL UNIVERSITY OF JURIDICIAL SCIENCES

NUJS

12 LB BLOCK, SECTOR – III, BIDHANNAGAR, KOLKATA - 700106

**Invites application for filling up the post of Registrar**

**Pay Scale:** Rs. 1,44,200 – Rs. 2,18,200 plus other admissible allowances as per Central Government Norms & as per University Act & Regulations (Gross emoluments per month Rs. 2,41,810/- only).

**Essential Qualification:**

1. Master's Degree with at least 55% of marks or an equivalent grade in a point scale wherever grading system is followed
2. At least 15 years of experience as an Assistant Professor in the Academic Level 11 and above or with 8 years of service in the Academic level 12 and above including as Associate Professor along with experience in educational administration;

OR,

Comparable experience in research establishment and/or other institutions of higher education

OR,

15 years of administrative experience, of which 8 years shall be as Deputy Registrar or an equivalent post.

**Desired Qualification:**

1. A Doctorate Degree/published research work of merit
2. Work experience in a Law University/Law School or College/University
3. Should have a strong background in administration and management in a senior position and possess substantial general management experience.

**Note:** Those who have applied in response to earlier Advertisement in 2020 need not apply again but they have to submit a revised Bio-data afresh.

**LAST DATE OF RECEIVING THE APPLICATION: 10th August 2022 UPTO 5.00 P.M.**

The prescribed application form along with the detailed advertisement can be downloaded from the University website www.nujs.edu on the relevant page http://nujs.edu/home/careers


एनटीपीसी NTPC




**NTPC IS LOOKING FOR EXPERIENCED PROFESSIONALS IN THE AREA OF RENEWABLE ENERGY**

on Fixed Term basis as per following details

Executives required under various streams

| | |
|---|---|
| RE-Civil | 14 |
| RE-Electrical | 15 |
| RE-Business Development | 01 |
| RE-Hydrogen | 02 |
| RE-Commercial | 01 |
| RE-Project Management | 01 |
| RE-Energy Estimation | 01 |
| RE-Electrical PV Layout | 01 |
| RE-Wind | 01 |
| RE-Sub-Station Design | 02 |
| RE-System Engg | 01 |
| RE-Switchyard | 01 |
| RE-Structures | 01 |
| RE-Foundation | 01 |
| RE-Civil-PV Layout | 01 |
| Human Resources | 01 |
| RE-Land Acquisition | 01 |
| Contract Services | 04 |
| Finance | 02 |
| Accounts | 04 |
| P&S | 01 |
| QA | 01 |
| IT | 01 |
| Safety | 01 |

Visit our website careers.ntpc.co.in or careers section at www.ntpc.co.in for viewing detailed eligibility criteria, required qualification, experience requirement, upper age limit, tenure of engagement, monthly remunerations, other terms & conditions and for applying. Only online mode of application will be accepted.

**The online application portal will remain open from 15.07.2022 to 29.07.2022**

Any further addendum/corrigendum/updates will only be published on our website.

**NTPC Limited** (A Govt. of India Enterprise) Leading the Power Sector

NTPC Bhawan, Core-7, SCOPE Complex, Institutional Area, Lodhi Road, New Delhi - 110 003 | www.ntpc.co.in CIN: L40101DL1975GOI007966

Follow us on : /ntpc1 /ntpclimited /ntpcltd1 /company/ntpc

Advt. No. 18/22



**CHANDIGARH UNIVERSITY**

CU CHANDIGARH UNIVERSITY

Discover. Learn. Empower.

**YOUNGEST UNIVERSITY IN THE WORLD** TO MAKE BEST DEBUT IN THE **QS WORLD RANKINGS 2023**

QS WORLD UNIVERSITY RANKINGS

Overall Global Rank

**801-1000**

RANKED AS **INDIA'S TOP #3** PRIVATE UNIVERSITY

*Continuing its remarkable journey of driving transformation in the global educational landscape, Chandigarh University has achieved yet another extraordinary feat by becoming the Youngest University in the world to make best debut in QS World Rankings 2023.*

*These global rankings are a testimony of Chandigarh University's phenomenal standards across **6 Key Metrics: Academic Reputation, Faculty / Student Ratio, Citations per faculty, International Faculty Ratio, International Student Ratio, and Employer Reputation.***

cucet COMMON ENTRANCE TEST

*CUCET is a Common Entrance Test, mandatory for Engineering, MBA, Pharmacy, Agriculture, LLM, Integrated Law and Nursing programs. It rewards the meritorious students with lucrative scholarships.*

EARN SCHOLARSHIP WORTH ₹45 CRORES

Register at http://cucet.cuchd.in/

**CAMPUS:** NH-05, Chandigarh-Ludhiana Highway, Gharuan, Mohali, Punjab

**+91 99159-99224, 1800 1212 88800 | Website: www.cuchd.in**

**KOLKATA ADMISSION OFFICE HELPLINE - 9830667988**

ERGO Tower-A-1/4; Block EP & GP Block, Room No-1602A, 16th Floor, Saltlake Sector 5

## সরকারি গবেষণাগারে প্রোজেক্ট সায়েন্টিস্ট

প্রোজেক্ট সায়েন্টিস্ট-১ পদে ৫২ জনকে নেবে ন্যাশনাল সেন্টার ফর মিডিয়াম রেঞ্জ ওয়েদার ফোরকাস্টিং। নিয়োগ করা হবে চুক্তিতে। চুক্তির মেয়াদ ২০২৪-এর মার্চ পর্যন্ত। প্রতি বছর চুক্তি নবীকরণ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NCMR/05/2022.

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে এম এসসি বা বি ই বা বি টেক। সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৬৭,০০০ টাকা।

বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ncmrwf.gov.in দরখাস্তের শেষ তারিখ ৩০ জুলাই।

বিশদ তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## পশ্চিম বর্ধমানে স্বাস্থ্যকর্মী

বিভিন্ন পদে ৮৪ জন স্বাস্থ্যকর্মী নেবে পশ্চিম বর্ধমান জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। পঞ্চদশ অর্থ কমিশনের হেলথ গ্রান্টের আওতায় আসানসোল ও দুর্গাপুর পুর এলাকায় নিয়োগ করা হবে মেডিক্যাল অফিসার, স্টাফ নার্স, কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট, কাউন্সেলর ও স্পেশ্যালিস্ট মেডিক্যাল অফিসার পদে। নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DH&FWS/ASL/22-23/397.

**শূন্যপদের বিবরণ: মেডিক্যাল অফিসার জেনারেল ডিউটি:** ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস, কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। **বয়স:** ৬২ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৬০,০০০ টাকা।

**স্টাফ নার্স:** ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। **বয়স:** ২১ থেকে ৪০ বছরের মধ্যে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ২৫,০০০ টাকা।

**কাউন্সেলর:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সাইকোলজি বা সোশ্যাল ওয়ার্ক বা সোশিওলজি বা অ্যানথ্রপলজি বা হিউম্যান ডেভেলপমেন্টে স্নাতক। স্নাতকোত্তর ডিগ্রি থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ২০,০০০ টাকা।

**কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট(আর্বান):** ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৪,

এরপর তেরোর পাতায়

## সি এস আই আর-ইউ জি সি-র নেট পরীক্ষায় আবেদনের শেষ তারিখ ১০ অগস্ট

*প্রথম পাতার পর*

বা ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হলে তবেই ফেলোশিপ পাবেন। মনে রাখবেন, তাঁরা শুধু জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য নির্বাচিত হবেন। যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

পি এইচ ডি-ডিগ্রিধারী, যাঁদের স্নাতকোত্তর স্তরের পরীক্ষা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের আগে সম্পূর্ণ হয়েছে তাঁরা শিক্ষাগত যোগ্যতার শতকরা হারে ৫ শতাংশ ছাড় পাবেন।

যাঁরা ফেলোশিপের জন্য এই পরীক্ষায় উত্তীর্ণ হবেন তাঁরা স্নাতকোত্তর ডিগ্রির বিষয় অথবা সমতুল কোনও বিষয়ে গবেষণা করতে পারেন। একইসঙ্গে তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবেও কাজ করার যোগ্যতা অর্জন করবেন।

বয়স: জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য বয়স ১-৭-২০২১ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীরা ৫ বছর এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

একজন প্রার্থী একই সঙ্গে জুনিয়র রিসার্চ ফেলোশিপ (জে আর এফ) এবং লেকচারশিপের (এল এস) পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। অধিক বয়সের জন্য জে আর এফ-এ যোগ্য বিবেচিত না হলে প্রার্থী স্বাভাবিক ভাবেই লেকচারশিপের জন্য পরীক্ষায় বসতে পারবেন।

**ফেলোশিপের পরিমাণ:** জুনিয়র রিসার্চ ফেলোর ক্ষেত্রে প্রতি মাসে ৩১,০০০ টাকা, সঙ্গে বইপত্রের খরচ বাবদ প্রতি বছর দেওয়া হবে ২০,০০০ টাকা। সিনিয়র রিসার্চ ফেলোর ক্ষেত্রে প্রতি মাসে ৩৫,০০০ টাকা।

**পরীক্ষার ধরনধারণ:** তিন পার্টে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে আলাদা আলাদা সেশনে, একই দিনে। সব পেপারেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মোট নম্বর ২০০। পরীক্ষার মোট সময়সীমা ৩ ঘণ্টা। উভয় পেপারের পরীক্ষা নেওয়া হবে দু'টি শিফটে। পরীক্ষার দিন ও শিফট জানা যাবে অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময়।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: আসানসোল (ডব্লু বি ০১), বর্ধমান (ডব্লু বি ০২), দুর্গাপুর (ডব্লু বি ০৪), হুগলি (ডব্লু বি ০৬), হাওড়া (ডব্লু বি ০৭), কল্যাণী (ডব্লু বি ০৮), শিলিগুড়ি (ডব্লু বি ১১) ও কলকাতা (ডব্লু বি ১০)।

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://csirnet.nta.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১০ অগস্ট। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রতিটি ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

পরীক্ষার ফি সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১,০০০ টাকা, তফসিলি এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা, ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড, ইউ পি আই অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## পাঁচটি বৃত্তিমূলক কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের 'সেতি' প্রকল্পে (এন এস ডি সি অনুমোদিত) পাঁচটি বৃত্তিমূলক কোর্স পড়ানো হবে। অনাবাসিক কোর্স। সবক'টি কোর্সেই এখন ভর্তি চলছে। ৩০ জুলাই অবধি ভর্তির আবেদন করা যাবে।

কোর্সগুলি হল— (১) অটোমোবাইল সার্ভিস টেকনিশিয়ান (চার চাকা), (২) অটোমোবাইল সার্ভিস টেকনিশিয়ান (দু'চাকা), (৩) টেলি কলার (অটোমেটিভ), (৪) অটোমোবাইল সেলস এক্সিকিউটিভ, (৫) মোবাইল রিপেয়ারিং টেকনিশিয়ান। প্রত্যেকটি কোর্সের ক্ষেত্রেই মূল পঠনপাঠনের পাশাপাশি সফট স্কিল ও বেসিক কম্পিউটারও শেখানো হবে।

মহিলা-পুরুষ উভয়েই এই পাঁচটি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। কোর্স ভেদে মেয়াদ: ৩ থেকে ৬ মাস। প্রতিটি কোর্সে আসনসংখ্যা ২০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** কোর্স অনুযায়ী অষ্টম শ্রেণি উত্তীর্ণ থেকে স্নাতক। **বয়স:** ১৮-৩০ বছর। **কোর্স ফি:** ১,৫০০ টাকা।

সফল ভাবে প্রশিক্ষণ শেষে বিভিন্ন সংস্থায় অন দ্য জব ট্রেনিং ও প্লেসমেন্টের সুযোগ রয়েছে। সফল ভাবে প্রশিক্ষণের শেষে সার্টিফিকেটও দেওয়া হবে। এখনই ভর্তির জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন, সাঁকরাইল, ধূলাগড়, হাওড়া। মোবাইল: ৯৬৮১৪-৬৪১৫৬, ৯৭৪৮৪-০৭৯০০, ৭৯৮০৭-২০৮৬৮।

## দিল্লির কলেজে সহ-অধ্যাপক

*প্রথম পাতার পর*

অনগ্রসর ১), স্ট্যাটিস্টিক্স ৪টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে নেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ইউ জি সি রেগুলেশনস ২০০৯ ও ২০১৬ অনুসারে যারা পি এইচ ডি সম্পূর্ণ করেছেন, তাঁরা নেট পরীক্ষা না দিয়ে থাকলেও আবেদন করতে পারবেন।

তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী প্রার্থী এবং যেসব পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯৯১-এর ১৯ সেপ্টেম্বরের আগে স্নাতকোত্তর ডিগ্রি পেয়েছেন, তাঁরা সকলেই মোট নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

বেতনক্রম: ৫৭,৭০০-১,৮২,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://colrec.uod.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৫ অগস্ট।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: http://pgdavcollege.edu.in

## জিপমারে ১৩৭ নার্স ও টেকনিশিয়ান

*প্রথম পাতার পর*

অ্যাটমিক এনার্জি রেগুলেটরি বোর্ড থেকে ইন্সটিটিউশনাল রেডিয়েশন অ্যাপ্লিকেশনস রেজিস্ট্রেশন থাকতে হবে এবং কোনও সংস্থায় রেডিওথেরাপি ইকুইপমেন্ট চালনার কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

**পোস্ট কোড ২৩২০২২: এক্স-রে টেকনিশিয়ান (রেডিও-ডায়াগনসিস):** ৬টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: রেডিওগ্রাফি বা মেডিক্যাল ইমেজিং টেকনোলজিতে বি এসসি, সঙ্গে কোনও স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী সংস্থা বা হাসপাতাল বা ইমেজিং সেন্টারে রেডিও-ডায়াগনসিস ইকুইপমেন্ট চালনার কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

সব ক্ষেত্রেই ১১-৮-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স থাকতে হবে।

তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। নার্সিং অফিসার পদের ক্ষেত্রে অতিরিক্ত স্কিল টেস্ট নেওয়া হবে। ৪০০ নম্বরের কম্পিউটারভিত্তিক পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন থাকবে সংশ্লিষ্ট বিষয়, জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল ইংলিশ ও জেনারেল ম্যাথমেটিক্স বিষয়ে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jipmer.edu.in দরখাস্তের শেষ তারিখ ১১ অগস্ট। দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা, ১০ থেকে ৮০ কেবি সাইজের মধ্যে) ও সই (৮০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে। ফটো তোলার সময় একটি প্ল্যাকার্ডে প্রার্থীর নাম ও সেদিনের তারিখ লিখে প্ল্যাকার্ডটিকে সামনে ধরে ছবি তুলতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## আমাজনে চাকরি

*প্রথম পাতার পর*

ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টিং, ফিনান্স, মার্কেটিং অ্যান্ড পাবলিক রিলেশনস, হিউম্যান রিসোর্সেস, সফটওয়্যার ডেভেলপমেন্ট, সাপ্লাই চেন ও ট্রান্সপোর্ট ম্যানেজমেন্ট-সহ আরও নানা বিভাগে।

আমাজন ইন্ডিয়ায় কোথায় কোন চাকরি আছে, কিংবা অন্য দেশে এই সংস্থায় বর্তমানে কী-কী চাকরি আছে সে-সম্পর্কে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.amazon.jobs ওয়েবসাইটটির উপরের দিকে 'সার্চ ফর জবস' এবং 'লোকেশন' সম্পর্কিত দু'টি উইন্ডো পাবেন। 'সার্চ ফর জবস' উইন্ডোতে যে-চাকরির খোঁজ করছেন তার নাম লিখবেন এবং 'লোকেশন'-এর ঘরে যেখানে চাকরি করতে চান তার নাম লিখবেন। যেমন, সার্চ ফর জবস-এর ঘরে ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টিং এবং লোকেশনের ঘরে ইন্ডিয়া টাইপ করে সার্চ করলে ভারতের কোথায় কোথায় ফিনান্স ও অ্যাকাউন্টিংয়ের চাকরি আছে, সে সম্পর্কে বিশদ তথ্য পাবেন। এভাবেই ভারতের বিভিন্ন শহরে সংস্থার বিভিন্ন বিভাগে অসংখ্য চাকরি আছে।

পছন্দসই জায়গায় পছন্দের চাকরিটি খুঁজে পাওয়া গেলে এবার আবেদন করার পালা। সেক্ষেত্রে প্রথমেই একটি আমাজন জব অ্যাকাউন্ট তৈরি করতে হবে।

অনলাইন দরখাস্তের ভিত্তিতে প্রাথমিক ভাবে নির্বাচিত প্রার্থীদের সঙ্গে সংস্থার তরফে যোগাযোগ করা হয়। এরপর প্রার্থীর যোগ্যতা বিচার করা হয় প্রধানত দু'টি পর্যায়ে। প্রথমে টেলিফোন ইন্টারভিউ। সফল হলে মুখোমুখি সাক্ষাৎকার।

## এয়ার ইন্ডিয়ায় কেবিন ক্রু

*প্রথম পাতার পর*

বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে। অভিজ্ঞ কেবিন ক্রু-রা ৩২ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে দৈহিক উচ্চতা হতে হবে ১৭২ সেমি, মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি ৬/৬। বডি মাস ইনডেক্স (বি এম আই) হতে হবে, পুরুষদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ এবং মহিলাদের ক্ষেত্রে ১৮ থেকে ২২।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindia.in/careers ওয়েবসাইটে 'অ্যাপ্লাই নাউ' উইন্ডোর মাধ্যমে দরখাস্ত করতে হবে। সংস্থার কোন শহরের কার্যালয়ে ইন্টারভিউ দিতে চান তা নির্বাচন করতে পারবেন অনলাইন অ্যাপ্লিকেশন ফর্মের 'সিলেক্ট ইন্টারভিউ লোকেশন' অংশে ক্লিক করে।

অনলাইনেই বায়োডেটা আপলোড করুন। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর কর্তৃপক্ষ আপনার দরখাস্ত বাছাই করবেন। দরখাস্ত গৃহীত হলে এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষের কাছ থেকে ই-মেল পাবেন। সেখানেই ইন্টারভিউ কেন্দ্র এবং ইন্টারভিউয়ের নির্দেশের উল্লেখ থাকবে।

এয়ার ইন্ডিয়ায় কেবিন ক্রু-র নিয়োগের এবং ইন্টারভিউ-সহায়ক তথ্য-পরামর্শ পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

## নৌবাহিনীতে ২০০ অগ্নিবীর

*প্রথম পাতার পর*

নাবিকদের কাজ করতে হবে।

**জন্মতারিখ:** ১-১২-১৯৯৯ থেকে ৩১-৫-২০০৫-এর মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: তরুণদের ক্ষেত্রে ১৫৭ সেমি এবং তরুণীদের ক্ষেত্রে ১৫২ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯, চশমা-সহ উভয় চোখে ৬/৬।

ট্রেনিং শুরু হবে আই এন এস চিল্কায়।

বেতন: প্রথম বছরে প্রতি মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৩৩,০০০ টাকা, তৃতীয় বছরে প্রতি মাসে ৩৬,৫০০ টাকা এবং চতুর্থ বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

চার বছরের মেয়াদ শেষে সংশ্লিষ্ট ব্যাচের ২৫ শতাংশ অগ্নিবীর নৌবাহিনীতে স্থায়ী চাকরির ক্ষেত্রে সংরক্ষণ পাবেন। বাকি ৭৫ শতাংশ অগ্নিবীর অবসরের পর যাতে বিকল্প জীবিকা খুঁজে নিতে পারেন, সে জন্য আর্থিক অঙ্কে বিশেষ 'সেবা নিধি' প্যাকেজ দেওয়া হবে। তবে কোনও পেনশন, গ্র্যাচুইটি বা প্রাক্তন সমরকর্মীর প্রাপ্য সুযোগ-সুবিধা তাঁরা পাবেন না।

মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা ও দৈহিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে (মহিলাদের ক্ষেত্রে ৮ মিনিটে) ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট (মহিলাদের ক্ষেত্রে ১৫টি), পুরুষদের ক্ষেত্রে ১২টি পুশ-আপ এবং মহিলাদের ক্ষেত্রে ১০টি সিট-আপ।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ২৫ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত। যথাযথ ভাবে অনলাইন দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## গার্ডেন রিচ শিপবিল্ডার্সে ২৪৫ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

*প্রথম পাতার পর*

মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, সিভিল। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

অনলাইন আবেদন করতে পারেন এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.grse.in, http://jobapply.in/grse2022app অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি, আবেদনের প্রক্রিয়া-সহ বিশদ তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভর্তি চলিতেছে

## SWAMI VIVEKANANDA UNIVERSITY

EXCELLENCE | INNOVATION | ENTREPRENEURSHIP


www.swamivivekanandauniversity.ac.in

**COURSES OFFERED**

DIPLOMA / B.TECH / PH.D
M.TECH / AGRICULTURE
HOSPITAL MANAGEMENT

BBA / BCA / MBA / MCA
PSYCHOLOGY / OPTOMETRY
PHYSIOTHERAPY / NUTRITION

UGC RECOGNIZED



## SWAMI VIVEKANANDA GROUP OF INSTITUTES

Driven by his mission

17 Institutes, 25000+ Students, 30000+ Alumni, 800+ Faculty, 45 Different Courses


SONARPUR - 9831084446
BARUIPUR - 9434360673

www.svist.org





www.srist.in



APPROVED BY AICTE | AFFILIATED TO MAKAUT AND WBSCTE | NAAC ACCREDITED

### OUR COURSES

**POLYTECHNIC DIPLOMA**
CIVIL, ME, EE, ETCE, CST, CSE, ARCHITECTURE

**B. TECH**
CE, ME, EE, EEE, ECE, CSE

**BTTM** Management
Travel & Tourism,

**BCA** **BBA** **MCA** **MBA** Marketing, HR, Systems Finance,

**B. SC**
Biotechnology (Hons.), Microbiology (Hons.), Media Science, Hotel & Hospitality Management

**M. SC**
Computer Science, Media Science, Biotechnology,

REGENT EDUCATION & RESEARCH FOUNDATION

www.rerf.in



নিয়োগকারী কোম্পানি: TATA, Cognizant, WIPRO, HCL, GENPACT, IBM, Tech Mahindra, Infosys, RASHMI GROUP, amazon, VIDEOCON d2h, Mindtree, accenture


ITI Industrial Training Institute

সময়সীমা ঃ ২ বৎসর
ন্যূনতম যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ
অনলাইন ও অফলাইন দুইভাবেই ভর্তি চলিতেছে

Skill India
কৌশল ভারত-কুশল ভারত

**আমাদের কোর্স গুলি**

ইলেকট্রনিক মেকানিক, ড্রাফটসম্যান মেকানিক্যাল, মেকানিক আর. এ. সি., বেসিক কসমেটোলজি, কোপা, প্লাম্বার, ওয়েল্ডার, ফিটার, সয়িং টেকনোলজি, ইলেকট্রিশিয়ান, মেকানিক ডিজেল ইঞ্জিন, সার্ভেওর, ড্রেস মেকিং, ওয়ারম্যান, আর. এ. সি., এম এম ভি







**আমাদের শাখা**: • ক্যানিং-১ • ক্যানিং-২ • বাসন্তী • হালিশহর • বারাসাত • আমডাঙা • কুমারগঞ্জ • তপন • হিলি

ভর্তি সংক্রান্ত অনুসন্ধান ঃ 9831084446 / 7384861266

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

# সময়ের বদল অনুযায়ী প্রস্তুতি নিতে হবে



**গৌরবময় চাকী**
রিজিওনাল হেড, পূর্বাঞ্চল
পারেখ ইন্টিগ্রেটেড সার্ভিসেস প্রাইভেট লিমিটেড
(সর্বভারতীয় লজিস্টিক্স অ্যান্ড সাপ্লাই চেন পরিষেবা সংস্থা)



ছাত্রজীবনের শেষের দিকে বিষয় নির্বাচন করে নেওয়ার সুযোগ থাকে। পাঠ্যবিষয় বাছাইয়ের মধ্য দিয়ে কে কোন ধরনের কাজ করতে চায় তার একটা ধারণা তৈরি হয়।

বিজ্ঞান পড়ছ বলেই ইঞ্জিনিয়ার হতে হবে বা কলাবিভাগের ছাত্র মানেই কোনও ভবিষ্যৎ নেই— এই সব তত্ত্ব পুরনো হয়ে গিয়েছে। যে-কোনও বিষয় নিয়ে একাধিক কাজের সুযোগ রয়েছে। খোঁজ রাখাটা শুরু করতে হবে পড়াশোনা চলাকালীন। যেমন, ধরা যাক তোমার ভূগোল পড়তে ভালো লাগে। ভূগোল নিয়ে পাশ করলে কলেজে উঠে ভূবিদ্যাও পড়তে পারো আবার জিওলজিক্যাল ইনফর্মেশন সিস্টেম (জি আই এস) পড়তে পারো, সমুদ্রবিদ্যাও পড়তে পারো। এবার সরকারি পরীক্ষা দিয়ে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায় কোনও পদে চাকরি করবে, না কোনও স্যাটেলাইট তৈরির সংস্থায় কাজ করবে, না অ্যাডভেঞ্চার ট্যুরিজম সংস্থা খুলবে— নিজেই এই সিদ্ধান্ত নিয়ে ফেলো। তারপর খোঁজ নিতে থাকো, মূল পড়াশোনা ছাড়া আর কোন কোন কোর্স করে রাখতে পারলে তোমার সিভিতে বাড়তি নম্বর যোগ হবে।

### কাজের সম্ভাবনার ওঠানামা

এখন করোনার প্রকোপে কাজকর্মের সম্ভাবনা দ্রুত ওঠানামা করছে। ফলে এখন যত অল্প বয়স থেকে অভিজ্ঞতা সঞ্চয় করা যায় ততই ভালো। পড়ার মধ্যে ছোট কোর্স যেমন করবে, তেমনই আংশিক সময়ের ছোটখাটো কাজ পেলেও অবশ্যই করবে। একাধারে গ্রুমিং হবে এবং অভিজ্ঞতা বাড়বে।

আবার এমনও হতে পারে, নিজের লক্ষ্যে পৌঁছনোর পথে অনেক বাধা এসে গেল। সেক্ষেত্রে এই ছোট ছোট অভিজ্ঞতাই নতুন রাস্তা দেখাবে। শুরুতে যে-লক্ষ্য স্থির করেছিলে সেটা হয়তো একসময় ভুল মনে হল। তখন যাতে অন্য দিকে এগোতে পারো তার ব্যবস্থা করে রাখতে হবে। নতুন নতুন সার্টিফিকেট কোর্স, ছোটখাটো কাজ, তোমাকে সময়োপযোগী ও বাস্তব বুদ্ধিসম্পন্ন মানুষ হিসেবে গড়ে উঠতে সাহায্য করবে।

### সোশ্যাল মিডিয়া ব্যবহার করো

এখন ইন্টারনেট তথা সোশ্যাল মিডিয়ার মাধ্যমেও নানা রকম কাজের সুযোগ তৈরি হচ্ছে। এই অত্যাধুনিক যোগাযোগ ব্যবস্থা ব্যবহার করে বহু মানুষ চাকরি ও ব্যবসাকে অন্য মাত্রা দিতে পারছে। সোশ্যাল মিডিয়াকে সঠিক ভাবে ব্যবহার করার চেষ্টা করতে হবে। চাকরি খোঁজার জন্যই শুধু নয়, ব্যবসা করার জন্যও এই মাধ্যম নতুন দিগন্ত খুলে দিচ্ছে। যদি কোনও ছোট সংস্থাতেও মার্কেটিংয়ের দায়িত্ব নিয়ে যোগ দাও তাহলেও সোশ্যাল মিডিয়ার ব্যবহার জানা খুব জরুরি।

অতএব নিজেকে কাজের জগতের উপযুক্ত করে গড়ে তোলার জন্য গতানুগতিক পদ্ধতির পাশাপাশি বর্তমান সময়, সুযোগ অনুযায়ীও প্রস্তুতি নিতে হবে। দুনিয়া দ্রুত পাল্টাচ্ছে, তোমাকে তার সঙ্গে তাল মিলিয়ে চলতে হবে। তাই প্রস্তুতির এখন কোনও ছাঁচ নেই। ছকভাঙা পথেই এগোতে হবে।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### কলকাতা বিশ্ববিদ্যালয়ে ১৬৮০ আসনে আইনের স্নাতক কোর্সে ভর্তি

পাঁচ বছর মেয়াদের বি এ এল এল বি কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

**প্রতিষ্ঠান অনুসারে আসনসংখ্যা:** আইন বিভাগ, কলকাতা বিশ্ববিদ্যালয়, হাজরা ক্যাম্পাস: ১২০টি। সুরেন্দ্রনাথ ল কলেজ: ১৮০টি। যোগেশ চন্দ্র চৌধুরি ল কলেজ: ১২০টি। সাউথ ক্যালকাটা ল কলেজ: ১২০টি। বিকাশ ভারতী ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। রবীন্দ্র শিক্ষা সম্মিলনী ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। জ্যোতির্ময় স্কুল অব ল (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। শ্যামবাজার ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। জর্জ স্কুল অব ল (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। সুরেশ্বর দত্ত ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। হেরিটেজ ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। কলকাতা পুলিশ ল ইনস্টিটিউট (সেল্ফ-ফিনান্সড): ৬০টি। এল জে ডি ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ২৪০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল।

বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

সরকারি নিয়মানুসারে তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে। মেধাতালিকা প্রকাশিত হবে ১২ অগস্ট, এই ওয়েবসাইটে: www.caluniv.ac.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.caluniv.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৮ অগস্ট। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (৫০ কেবি সাইজের মধ্যে), সই (৩০ কেবি সাইজের মধ্যে), উচ্চমাধ্যমিকের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল (২০০ কেবি সাইজের মধ্যে), কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ কেবি সাইজের মধ্যে), দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনের সময় পাওয়া অ্যাপ্লিকেশন ফর্ম নম্বর এবং পাসওয়ার্ড টুকে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি। যোগাযোগ করুন এই হেল্প লাইন নম্বরগুলিতে: ৯৩৩০৩-৬৪৯৬৩, ৯৮৩১৩-৯০৮১৯।

### বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি

কৃষি বিষয়ক তিনটি স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়। বিষয়গুলি হল: এগ্রিকালচার, হর্টিকালচার এবং এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং। প্রতিটি কোর্সের মেয়াদ ৪ বছর। কোর্সগুলি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের নদিয়ার মোহনপুর, বর্ধমান এবং বাঁকুড়ার শুশুনিয়া ক্যাম্পাসে। দক্ষ খেলোয়াড়রা আবেদন করতে পারেন শুধুমাত্র এগ্রিকালচারের স্নাতক কোর্সের ক্ষেত্রে। এই কোর্সগুলিতে ভর্তির বিজ্ঞপ্তি নম্বর: Admission/UG/Ag-1(Part-VII)/L-282.

**বি এসসি (অনার্স) ইন এগ্রিকালচার:** ক্যাম্পাস অনুসারে আসনসংখ্যা: মোহনপুর ১৫৪টি, বর্ধমান ৩২টি, শুশুনিয়া ৩২টি। **বি এসসি (অনার্স) ইন হর্টিকালচার:** মোহনপুর ৩৮টি। **বি টেক ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং:** মোহনপুর ৩২টি।

**শিক্ষাগত যোগ্যতা:** এগ্রিকালচার ও হর্টিকালচারের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক। চারটি বিষয়ে মোট অন্তত ৭০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ভোকেশনাল শাখার ক্ষেত্রে আবশ্যিক বিষয় হিসেবে বায়োলজি ও ইংরেজি, ঐচ্ছিক বিষয় হিসেবে ফিজিক্স বা কেমিস্ট্রি এবং এগ্রিকালচার ও হর্টিকালচারের সম্পর্কিত যে-কোনও দু'টি বিষয় পড়ে থাকতে হবে। পাঁচটি বিষয়ে মোট অন্তত ৭০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বৈধ র‍্যাঙ্ক করে থাকতে হবে।

**বয়স:** ৩১-৮-২০২২ তারিখে অন্তত ১৬ বছরের হতে হবে।

দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে ন্যূনতম জেলা স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: টেবল টেনিস, ব্যাডমিন্টন, ক্রিকেট, ফুটবল, ভলিবল, বক্সিং ও অ্যাথলেটিক্স।

প্রার্থীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং দক্ষ খেলোয়াড়দের জন্য আসন সংরক্ষিত হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bckv.edu.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৩ অগস্ট। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

**অনলাইনে আবেদনের সময় আপলোড করবেন:** ✓প্রার্থীর জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো এবং সই (উভয়ই ১০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে)। ✓পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা বয়সের প্রমাণপত্র হিসেবে জন্ম শংসাপত্র বা মাধ্যমিকের সার্টিফিকেট (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)। ✓পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা উচ্চমাধ্যমিকের মার্কশিট (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)। ✓প্রযোজ্য ক্ষেত্রে পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)। ✓দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের থেকে পাওয়া পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা স্পোর্টস সার্টিফিকেট (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)। ✓প্রার্থীর আধার কার্ড (৪০ থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭৫০ টাকা)। ফি দিতে হেবে অনলাইন ব্যবস্থায়। অনলাইনে ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট বা রসিদ নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। অনলাইনে আবেদনের সময় অ্যাপ্লিকেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অনলাইন আবেদন-সংক্রান্ত কোনও প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৬২৮৯৯৪৩৬৬৯ (সকাল সাড়ে ১১টা থেকে বিকেল ৫টা)।

### নেতাজি সুভাষে ডিপ্লোমা কোর্স

বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অ্যাডমিনিস্ট্রেশনে ডিপ্লোমা ও অ্যাডভান্সড ডিপ্লোমা এবং বিভিন্ন ভোকেশনাল বিষয়ে ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটির প্রভানন্দ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি। কোর্সগুলি পড়ানো হবে প্রতিষ্ঠানের বিভিন্ন স্টাডি সেন্টারে।

বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অ্যাডমিনিস্ট্রেশনে স্পেশ্যালাইজেশন করা যাবে এই সমস্ত বিষয়ে: এইচ আর, মার্কেটিং, অফিস, রিটেল, ফিনান্স, ব্যাঙ্কিং ইনশিওরেন্স, লজিস্টিক্স, আই টি ডেটা ম্যানেজমেন্ট, ডিজিটাল মার্কেটিং, ট্রাভেল ট্যুরিজম, ইভেন্ট, সেফটি সিকিউরিটি, ইনভেন্টরি।

ভোকেশনাল বিষয়গুলি হল: টেলরিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং, ফায়ার সেফটি সিকিউরিটি, ডিজাস্টার ম্যানেজমেন্ট, প্রি-প্রাইমারি টিচার্স-মন্তেস্যরি, যোগা অ্যান্ড ন্যাচেরোপ্যাথি, ফিটনেস অ্যান্ড স্পোর্টস ম্যানেজমেন্ট, বিউটিশিয়ান অ্যান্ড ওয়েলনেস, জি এস টি অ্যান্ড ট্যাক্স।

স্টাডি সেন্টারগুলি হল: কলকাতা, ডায়মন্ড হারবার, বারাসাত-হৃদয়পুর, বর্ধমান, ফরাক্কা, খাতরা-বাঁকুড়া, রায়গঞ্জ, পুরুলিয়া, মালদা।

বিশদ তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৩৩১২৫৬৯৩৪, ৯৮৩০২১৬০৫৬, (০৩৩) ৩৫৯০ ৯৯৫৬। ওয়েবসাইট: www.pimtonline.in

### ফার্মাসির ডিপ্লোমা কোর্স

ফার্মাসির ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। বয়স: ৩১-১২-২০২২ তারিখে অন্তত ১৭ বছরের হতে হবে। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৭ অগস্ট। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.webscte.co.in আবেদনের শেষ তারিখ ২৫ জুলাই। এই কোর্স-সম্পর্কিত বিশদ তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**ALLEN RESULT : JEE MAIN**
Session-1 (June 2022)

Yet Another Proof of

# LEADERSHIP

by The Institute Trusted for Academic Excellence & Outstanding Results




| Overall 100 Percentile | KUSHAGRA SRIVASTAVA Classroom |
|---|---|
| Overall 100 Percentile | SNEHA PAREEK Classroom |
| Overall 100 Percentile | NAVYA Classroom |

## 11 ALLEN Classroom Students are State Toppers

- **94** Students Scored **100 Percentile** in Physics
- **23** Students Scored **100 Percentile** in Maths
- **21** Students Scored **100 Percentile** in Chemistry
- **30** Students Scored Overall **99.99 Percentile** & Above
- **269** Students Scored Overall **99.9 Percentile** & Above
- **1968** Students Scored Overall **99 Percentile** & Above



| Assam | Bihar | Chandigarh | Chhattisgarh | Gujarat | Jharkhand |
|---|---|---|---|---|---|
| Sneha Pareek | Aditya Ajey | Saarth Singla | Abhinav R. Shripad | Mahit R. Gadhiwala | Kushagra Srivastava |

| Madhya Pradesh | Maharashtra | Odisha | Puducherry | Rajasthan |
|---|---|---|---|---|
| Samyak Jain | Adwai Krishna | Deevyanshu Malu | S. P. Siddharth | Navya |

Authenticity of Result : Power of **ALLEN**

As per result compiled so far till 13 July 2022

## Admission Announcement (Session 2022-23)

*JEE (Main+Adv.) | JEE (Main) | NEET (UG) | NTSE | OLYMPIADS | PNCF | Commerce | Global Studies | IntelliBrain | Online (Live) Courses*

**NURTURE COURSE**
(Class 10th to 11th Moving)
Target : JEE (Main+Adv.) 2024 | 28 July
Target : JEE (Main) 2024 | 18 & 28 July
Target : NEET (UG) 2024 | 28 July
Admission Mode | Direct / ASAT / TALLENTEX

**LEADER COURSE**
(Class 12th Pass/Appeared)
Target : JEE (Main+Adv.) 2023 | 10 Aug. & 6 Sept.
Target : JEE (Main) 2023 | 05 Aug.
Target : NEET (UG) 2023 | 22 July & 03 Aug.
Admission Mode | ASAT / Direct

**ACHIEVER COURSE**
(Class 12th Pass in 2021 / Ex-ALLEN)
Target : NEET (UG) 2023
27 July & 09 Aug.
Admission Mode | Direct

ALLEN Scholarship Admission Test (ASAT)
**24 & 31 July 2022**
Appear in ASAT and Get Scholarship Upto 90%

ALLEN COMMERCE
XI, XII, CA & CS
*Batches from : 28 July*
allen.ac.in/commerce

ALLEN GLOBAL Studies Division
allenglobalstudies.com

ALLEN IntelliBrain
theintellibrain.com

For More Batch Starting Dates & to Apply online Log on to allen.ac.in or walk-in to nearest ALLEN Center | **For National Online (Live) Courses visit www.allendigital.in or Call +91-9513736499**

#SuccessKaAssurance

India's Biggest
Talent Search Scholarship Exam
For Class 5th to 10th Students

TALLENTEX 2023
ALLEN'S Talent Encouragement Exam

₹ SCHOLARSHIPS **250** CRORE

₹ CASH PRIZES **1.25** CRORE

tallentex.com 0744-2750202

EXAM DATES
**09 & 16 Oct. 2022**



ALLEN CAREER INSTITUTE KOTA (RAJASTHAN)

**Kolkata Information Center:** P-250A, CIT Road, Scheme-VI M, 2nd Floor, Beside IDBI Bank, Kankurgachi, Kolkata
Tel: +91-33-46035692, 7230049772,

**Durgapur Center:** Fortune Park Pushpanjali, C 71/A, 1st Floor, Shaheed Khudiram Sarani, City Center, Above PC Chandra Jewellers, Durgapur, West Bengal
Tel: 0343-6666800, 8306014888 | Web: allen.ac.in/durgapur

**Siliguri Center :** Tradium Complex, Check Post, Sevoke Road, Siliguri (WB) -734001
Tel.: 9775829334, 9775829179
Email: siliguri@allen.ac.in | Web.: allen.ac.in/siliguri

**Corporate Office:** "SANKALP", CP-6, Indra Vihar, Kota (Raj.)
Email: info@allen.ac.in | Web.: www.allen.ac.in
National Helpline: 0744-2757575, 3556677
Whatsapp: 0744-2757700

## চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

# কলকাতা পুলিশে কনস্টেবল

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর


1. কোন নদীকে পৃথিবীর সর্বোচ্চ নদী বা 'Sky River' বলা হয়?
(a) গঙ্গা (b) সিন্ধু (c) ব্রহ্মপুত্র (d) ভাইগাই
2. ম্যাকমোহন লাইন বিভাজিত করেছে:
(a) ভারত ও মায়ানমার (b) ভারত ও নেপাল (c) ভারত ও পাকিস্তান (d) ভারত ও চিন
3. কানপুর শহরটি কোন নদীর তীরে অবস্থিত?
(a) যমুনা (b) গঙ্গা (c) মহানদী (d) সবরমতী
4. নীচের কোন জুড়িটি সঠিক নয়?

| | সংবিধানের অংশ | বিষয় |
|---|---|---|
| (a) | দ্বিতীয় ভাগ | নাগরিকত্ব |
| (b) | তৃতীয় ভাগ | মৌলিক অধিকার |
| (c) | চতুর্থ ভাগ | নির্দেশমূলক নীতি সমূহ |
| (d) | পঞ্চম ভাগ | মৌলিক কর্তব্য |


5. বাজিতে সবুজ রং-এর আলোর উৎস হল:
(a) পারদ (b) সোডিয়াম (c) বেরিয়াম (d) পটাশিয়াম
6. 243 এর $\frac{5}{12}$ এর $\frac{4}{5}$ এর $\frac{2}{3}$ = ?
(a) 25 (b) 52 (c) 54 (d) 45
7. $999\frac{1}{7}+999\frac{2}{7}+999\frac{3}{7}+999\frac{4}{7}+999\frac{5}{7}+999\frac{6}{7}=?$
(a) 5997 (b) 5979 (c) 5994 (d) 2997
8. একটি সংখ্যার সঙ্গে 5 যোগ করে যোগফলকে 3 দিয়ে গুণ করা হল। গুণফলকে 13 দিয়ে ভাগ করায় ভাগফল 3 এবং ভাগশেষ 6 হল। সংখ্যাটি কত?
(a) 15 (b) 10 (c) 20 (d) 25
9. A, B ও C একটি পরীক্ষায় মোট 165 নম্বর পেল। B, C-এর থেকে 10 বেশি এবং A, B-এর থেকে 10 বেশি পেল। A কত নম্বর পেল?
(a) 50 (b) 55 (c) 65 (d) 70

**নির্দেশ (10 to 14):** P, Q, R, S, T, U, V আর W এই আট বন্ধু কেন্দ্রের দিকে মুখ করে বৃত্তাকারে বসে রয়েছে। V, Q-এর ডানদিকে থেকে তৃতীয় এবং R-এর বাঁদিক থেকে দ্বিতীয়। Q, T-এর বাঁদিক থেকে দ্বিতীয় এবং S-এর ঠিক ডানদিকে। U রয়েছে Q আর T-এর মাঝখানে। P, S-এর ঠিক ডানদিকে নেই।

10. S-এর ঠিক বাঁদিকে কে বসে?
(a) Q (b) P (c) W (d) এদের কেউই নন
11. T-এর ঠিক ডানদিকে কে বসে?
(a) R (b) P (c) W (d) এদের কেউই নন
12. নীচের জুটিগুলির মধ্যে কোন ক্ষেত্রে প্রথমজন, দ্বিতীয় জনের ঠিক ডানদিকে বসে,
(a) UT (b) WR (c) WT (d) ST
13. নীচের কোনটি W-এর সঠিক অবস্থান,
(a) V-এর ঠিক বাঁদিকে (b) V-এর ঠিক ডানদিকে (c) U আর V-এর মাঝখানে (d) R-এর ঠিক ডানদিকে
14. S-এর ডানদিক থেকে দ্বিতীয় স্থানে কে বসেছে?
(a) U (b) R (c) T (d) P
15. PRODUCE শব্দের মধ্যে এমন কত জোড়া বর্ণ রয়েছে যাদের মধ্যে থাকা বর্ণের সংখ্যা, ইংরেজি বর্ণমালায় তাদের মধ্যেকার ব্যবধানের সমান?
(a) 4 (b) 2 (c) 1 (d) 3
16. ভারতের অ্যাটর্নি জেনারেলকে কে নিয়োগ করেন?
(a) ভারতের প্রধান বিচারপতি (b) রাষ্ট্রপতি (c) সংসদ (d) উপরাষ্ট্রপতি
17. কোন বিল সংসদের উভয় সভায় বিশেষ সংখ্যাগরিষ্ঠতায় পাশ করতে হয়?
(a) সাধারণ বিল (b) অর্থবিল (c) ফিনান্স বিল (d) সংবিধান সংশোধনী বিল
18. যদি UNIVERSITY হয় 1 2 7 3 9 4 8 7 5 6, তাহলে TRUSTY কীভাবে লেখা হবে?
(a) 542856 (b) 531856 (c) 541856 (d) 541956
19. একটি নির্দিষ্ট ভাষায় 134-এর অর্থ হল Good and Tasty, 478-এর অর্থ হল See Good Pictures এবং 729-এর অর্থ হল Pictures are faint. 'See' বোঝাতে কোন সংখ্যাটি ব্যবহৃত হয়েছে?
(a) 1 (b) 2 (c) 7 (d) 8
20. ভারতের সব থেকে পুরনো গির্জা সেন্ট থমাস চার্চ কোথায় অবস্থিত?
(a) গোয়া (b) কেরল (c) পশ্চিমবঙ্গ (d) অসম
21. সার্ভিস ট্যাক্স কে ধার্য করেন?
(a) রাজ্য সরকার (b) কেন্দ্রীয় সরকার (c) স্থানীয় প্রশাসন (d) রাজ্য ও কেন্দ্রীয় সরকার
22. 'ব্রিটিশ সরকার ভারত ভাগের জন্য দায়ী নয়' —এই মন্তব্য কে করেছিলেন?
(a) আবুল কালাম আজাদ (b) লর্ড অ্যাটলি (c) লর্ড মাউন্টব্যাটেন (d) মহাত্মা গান্ধী
23. কার মৃত্যুরহস্য পুনরায় তদন্তের জন্য খোসলা কমিশন গঠিত হয়েছিল?
(a) মহাত্মা গান্ধী (b) রাজীব গান্ধী (c) সুভাষচন্দ্র বসু (d) ইন্দিরা গান্ধী
24. সুফীদের কাছে কে জিন্দা-পীর ছিলেন?
(a) নিজামউদ্দিন আউলিয়া (b) বদায়ুনী (c) ঔরঙ্গজেব (d) সেলিম চিস্তি
25. কবি ও গল্পকার এডগার অ্যালান পো ছিলেন:
(a) ফরাসি (b) আমেরিকান (c) রাশিয়ান (d) জার্মান
26. কে ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে দেওয়ানি অধিকার দিয়েছিলেন?
(a) ফারুকশিয়ার (b) দ্বিতীয় বাহাদুর শাহ (c) ঔরঙ্গজেব (d) দ্বিতীয় শাহ আলম
27. প্রকাশ অরুণের থেকে লম্বা, অরুণ বরুণের থেকে বেঁটে, প্রমোদ প্রকাশের থেকে বেঁটে কিন্তু বরুণের থেকে লম্বা। তাহলে কে সব থেকে লম্বা?
(a) প্রকাশ (b) অরুণ (c) প্রমোদ (d) বরুণ
28. '?' চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?




(a) 12 (b) 13 (c) 9 (d) 7
29. ? চিহ্নিত স্থানে কী বসবে?
10, 100, 200, 310, ?
(a) 400 (b) 410 (c) 420 (d) 430
30. নীচের কোন শব্দটি PHOTOSYNTHETIC শব্দটির অক্ষরগুলো দ্বারা গঠন করা যাবে না?
(a) THOSE (b) SCENT (c) PRONE (d) COTTON
31. পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাতিল করা হয়েছিল কত সালে?
(a) 1965 (b) 1966 (c) 1967 (d) 1970
32. ETA নামক উগ্রবাদী দল কোথায় আছে?
(a) নাইজিরিয়া (b) রাশিয়া (c) গ্রেট ব্রিটেন (d) স্পেন
33. Industrial Census কত সালে প্রথম করা হয়?
(a) 1973-75 (b) 1985-86 (c) 1985-89 (d) 1991-92
34. ভারতে লোক আদালত ব্যবস্থার রূপকার কে?
(a) পি এন ভাগবতী (b) আর এন লোধা (c) রমেশ চন্দ্র লাহোতি (d) সি পি ঠাকুর
35. পার্সি ভাষায় মহাভারতের অপর নাম কী?
(a) খোয়াবনামা (b) রাজমনামা (c) দিলবারনামা (d) মুলুকনামা
36. যদি '+' মানে –, '–' মানে ×, '÷' মানে +, '×' মানে ÷ হয়, তাহলে 10 × 5 ÷ 3 – 2 + 3 = ?
(a) 5 (b) 7 (c) $\frac{8}{3}$ (d) 9
37. নীচের কোনটি ইংরেজি বই, বই এবং উপন্যাসের মধ্যে সঠিক সম্পর্ক নির্দেশ করছে?



(a) (b) (c) (d)

38.

| | | |
|---|---|---|
| 27 | 22 | 50 |
| 13 | 12 | 26 |
| 9 | 4 | ? |

(a) 12 (b) 14 (c) 18 (d) 24
39. A নল, B নলের 3 গুণ ক্ষমতাসম্পন্ন। A নল কোনও চৌবাচ্চাকে 36 মিনিটে পূর্ণ করতে পারলে, নল দু'টি একত্রে খুলে দিলে কত সময়ে চৌবাচ্চাটি পূর্ণ হবে?
(a) 9 মিনিটে (b) 27 মিনিটে (c) 28 মিনিটে (d) 32 মিনিটে
40. এক ব্যক্তি 8 টাকায় 10টি দ্রব্য ক্রয় করে প্রতিটি 1.25 টাকায় বিক্রয় করেন। লাভ/ক্ষতির হার কত?
(a) 56.25% লাভ (b) 25% ক্ষতি (c) 20% লাভ (d) 26.25% ক্ষতি
41. 45 বছরে 1 টাকা বেড়ে 16 টাকা হলে, সুদের বার্ষিক হার কত?
(a) $16\frac{2}{3}$ % (b) $18\frac{1}{3}$ % (c) $66\frac{2}{3}$ % (d) $33\frac{1}{3}$ %
42. Day, Night, Dawn এবং Twilight নামক ভাস্কর্যগুলোর স্রষ্টা কে?
(a) মাইকেল অ্যাঞ্জেলো (b) লিওনার্দো দ্য ভিঞ্চি (c) রদ্যাঁ (d) রাম কিঙ্কর বেইজ
43. বাস্টিক কাপ কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ফুটবল (b) পোলো (c) দাবা (d) গল্ফ
44. বিশ্বে 'কন্ট্যাক্ট লেন্স' এর ধারনা সর্বপ্রথম কে দেন?
(a) আইজ্যাক নিউটন (b) লিও নার্দো দ্য ভিঞ্চি (c) গ্যালিলিও (d) বেঞ্জামিন ফ্রাঙ্কলিন
45. কোনও ব্যক্তির জৈবিক মৃত্যু বলতে কী বোঝায়?
(a) বৃক্কের কলার মৃত্যু (b) মস্তিষ্কের কলার মৃত্যু (c) হৃদপিণ্ডের কলার মৃত্যু (d) ফুসফুস-এর কলার মৃত্যু
46. দৃষ্টিহীন ব্যক্তিরা কোন দু'টি রঙের পার্থক্য নিরুপন করতে পারে না?
(a) সাদা ও হলুদ (b) নীল ও সবুজ (c) লাল ও সবুজ (d) কালো ও সবুজ
47. চিপকো আন্দোলনটি যুক্ত কার সঙ্গে?
(a) বৃক্ষচ্ছেদন (b) বন সংরক্ষণ (c) বন্যপ্রাণী সংরক্ষণ (d) বৈজ্ঞানিক কৃষি
48. কুদ্রেমুখ আকরিক লোহা উত্তোলন অঞ্চল অবস্থিত:
(a) ওড়িশায় (b) গোয়ায় (c) কর্নাটকে (d) ছত্তিশগড়ে
49. বেসবল খেলায় খেলোয়াড়ের সংখ্যা কত?
(a) 6 জন (b) 9 জন (c) 11 জন (d) 15 জন
50. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 3 বাড়ানো হলে সংখ্যাটি 27, 35, 25 এবং 21 দ্বারা বিভাজ্য হবে?
(a) 4722 (b) 4725 (c) 4728 (d) 4731
51. 680 টাকা P, Q এবং R এর মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হল যাতে Q যা পায় P তার $\frac{2}{3}$ অংশ পায় এবং R যা পায় Q তার $\frac{1}{4}$ অংশ পায়। R-এর টাকার পরিমাণ কত?
(a) 480 (b) 300 (c) 420 (d) 360
52. 1 + [1 + 1 + {1 + 1 ÷ (1 + 1 ÷ 2)}]
(a) $\frac{8}{5}$ (b) $\frac{6}{5}$ (c) $\frac{5}{8}$ (d) $\frac{3}{2}$
53. একটি সংখ্যার 75% এর সঙ্গে 75 যোগ করলে যোগফল সংখ্যাটির সঙ্গে সমান হয়। সংখ্যাটি কত?
(a) 100 (b) 200 (c) 300 (d) 400
54. বর্তমানে মায়া ও ছায়ার বয়সের অনুপাত যদি 6 : 5 হয় এবং 15 বছর পরে তাদের বয়সের অনুপাত 9 : 8 হয়, তাহলে বর্তমানে মায়ার বয়স কত?
(a) 24 বছর (b) 30 বছর (c) 18 বছর (d) 33 বছর
55. 7 : 11 অনুপাতটির প্রতিটি পদের সঙ্গে কত যোগ করলে অনুপাতটি 3 : 4 অনুপাতের সমান হবে?
(a) 3 (b) 4 (c) 5 (d) 6
56. রবি ফসল কাটা হয়:
(a) মার্চ-এপ্রিল (b) জুন-জুলাই (c) সেপ্টেম্বর-অক্টোবর (d) অক্টোবর-নভেম্বর
57. বরফ গলনের লীনতাপ:
(a) 540 Cal/gm (b) 120 Cal/gm (c) 80 Cal/gm (d) 100 Cal/gm
58. ONGC-এর সদর দপ্তর:
(a) মুম্বই (b) চেন্নাই (c) দিল্লি (d) ইন্দোর
59. বস্ত্র শিল্পের শ্রমিকদের যে রোগ দেখা যায়:
(a) White Lung (b) Black Lung (c) সিলিকোসিস (d) প্লুরোসি
60. নীচের কোন জীবটি উদ্ভিদ ও প্রাণীর উভয় বৈশিষ্ট্য বহন করে?
(a) মাইকোপ্লাজমা (b) অ্যামিবা (c) ইউগ্লিনা (d) প্যারামেসিয়াম
61. পাকস্থলীর কোন কোষ থেকে HCL ক্ষরিত হয়?
(a) পেপটিক কোষ (b) মিউকাস কোষ (c) সেরাস কোষ (d) অক্সিনটিক কোষ
62. চন্দননগরে ফরাসি কুঠি খোলার অনুমতি কে দিয়েছিলেন?
(a) সুজাউদ্দিন খাঁ (b) সরফরাজ খাঁ (c) আলিবর্দি খাঁ (d) শায়েস্তা খাঁ
63. ব্রাহ্মসভার প্রথম সচিব কে ছিলেন?
(a) প্রিন্স দ্বারকানাথ ঠাকুর (b) প্রসন্নকুমার ঠাকুর (c) তারাচাঁদ চক্রবর্তী (d) এঁদের কেউই নন
64. বন্দিপুর ন্যাশনাল পার্কটি কোন রাজ্যে অবস্থিত?
(a) কর্নাটক (b) অসম (c) রাজস্থান (d) অন্ধ্রপ্রদেশ
65. হলুদ বিপ্লবটি যুক্ত:
(a) চা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে (b) তৈলবীজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে (c) ফুলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে (d) কোনওটিই নয়
66. মহাত্মা গান্ধী জলবিদ্যুৎ কেন্দ্রটি নীচের কোন নদীর ওপর নির্মিত?
(a) গোদাবরী (b) সরাবতী (c) সুবর্ণগিরি (d) কৃষ্ণা
67. 30টি সংখ্যার গড় হল 12। প্রথম 20টি সংখ্যার গড় 11 এবং পরবর্তী 9টি সংখ্যার গড় 10। তাহলে সর্বশেষ সংখ্যাটি হল:
(a) 60 (b) 45 (c) 40 (d) 50
68. নির্দিষ্ট হারে সরল সুদে 2000 টাকা পাঁচ বছরে 2600 টাকা হয়। আগের তুলনায় ওই সরল সুদের হার যদি 3% বৃদ্ধি করা হয়, তাহলে ওই একই সময়ে ওই আসল টাকা কত টাকায় পরিণত হবে?
(a) 2700 টাকা (b) 2800 টাকা (c) 2900 টাকা (d) 3000 টাকা
69. প্লাস্টার অফ প্যারিসের আণবিক সংকেত হল:
(a) $CaSO_4, H_2O$ (b) $CaSO_2$ (c) $CaSO_4, 2H_2O$ (d) কোনওটিই নয়
70. প্রদত্ত শব্দগুলিকে সঠিক অর্থযুক্ত অনুক্রমে সাজান:
1. গাছ 2. আসবাব 3. প্রকৃতি 4. কাঠ 5. অরণ্য
(a) 5, 3, 4, 1, 2 (b) 5, 3, 1, 4, 2 (c), 3, 5, 1, 4, 2 (d) 3, 5, 4, 1,2
71. নীচের কোন ভেন চিত্রটি প্রাণী, চিতা ও সিংহের পারস্পরিক সম্পর্ককে নির্দেশ করে?



(a) (b) (c) (d)


72. অন্নপূর্ণা : নেপাল : : তিরিচমির : ?
জিজ্ঞাসা চিহ্ন স্থানে সঠিক শব্দটি বসান।
(a) তিব্বত (b) ভারত (c) তাজিকিস্তান (d) পাকিস্তান

73.

| | | |
|---|---|---|
| 7 | 3 | 2 |
| 4 | 9 | 6 |
| 2 | 1 | 5 |
| 69 | 91 | ? |

(a) 58 (b) 65 (c) 64 (d) 51

74.




(a) 23 (b) 27 (c) 25 (d) 26
75. আন্তর্জাতিক নারী দিবস বছরের কোন দিন পালিত হয়?
(a) 8 মার্চ (b) 22 মার্চ (c) 18 মার্চ (d) 15 মার্চ
76. টোডা উপজাতি দেখতে পাওয়া যায়:
(a) নীলগিরি পর্বতে (b) ঝাড়খণ্ডে (c) উত্তরাখণ্ডে (d) ছত্তিশগড়ে
77. কোনও পরীক্ষায় 62% পরীক্ষার্থী অঙ্কে ফেল করে, 52% পরীক্ষার্থী ইংরেজিতে ফেল করে এবং 22% 2টি বিষয়েই ফেল করে। 108 জন পরীক্ষার্থী দু'টি বিষয়েই পাশ করে। মোট পরীক্ষার্থীর সংখ্যা কত?
(a) 1200 (b) 900 (c) 800 (d) 1000
78. দু'টি সংখ্যার সমষ্টি তাদের অনোন্যকে (reciprocals)-এর সমষ্টির সমান। তাদের গুণফল কত?
(a) 5 (b) 6 (c) 1 (d) $\frac{1}{2}$
79. দু'টি সংখ্যার যোগফল 128 এবং তাদের বিয়োগফল 32, সংখ্যাদু'টি কত?
(a) 80, 48 (b) 78, 50 (c) 74, 54 (d) 70, 58
80. 60 টাকা কিলোগ্রাম ও 65 টাকা কিলোগ্রাম দরে দু'প্রকার চা কী অনুপাতে মিশিয়ে মিশ্রিত চা 68.20 টাকা কিলোগ্রাম দরে বিক্রয় করলে 10% লাভ হবে?
(a) 4 : 5 (b) 3 : 2 (c) 3 : 7 (d) 5 : 7

এরপর এগারোর পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## কলকাতা পুলিশে কনস্টেবল

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

81. 5000 এর $\frac{3}{8}$ অংশের 32% = ?
(a) 606 (b) 610 (c) 530 (d) 600
82. দন্ত চিকিৎসকরা দাঁত তোলার সময় অবশ করার জন্য কোন রাসায়নিকটি ব্যবহার করেন?
(a) ক্যালশিয়াম ক্লোরাইড (b) টাইটেনিয়াম ডাই অক্সাইড (c) সোডিয়াম বাই কার্বনেট (d) ক্যালশিয়াম ফ্লুওরাইড
83. Travellers Prince নামে কে পরিচিত ছিলেন?
(a) ইবন বতুতা (b) মেগাস্থিনিস (c) হিউয়েন সাঙ (d) ফা হিয়েন
84. গিনেস বুকের ন্যায় ভারতীয় বইটি হল:
(a) মনোরমা রেকর্ড বুক (b) লিমকা বুক অব রেকর্ডস (c) দা বুক অব এপিক রেকর্ডস (d) দা হিমালান বুক
85. 'বাঁশ বাগানের মাথায় উপর চাঁদ উঠেছে ঐ ... কাজলা দিদি কই'— এই বিখ্যাত গানটি লেখেন:
(a) যতীন্দ্রমোহন সেনগুপ্ত (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) অতুলপ্রসাদ সেন (d) যতীন্দ্রমোহন বাগচী
86. তিনটি সংখ্যার অনুপাত $\frac{1}{2}:\frac{2}{3}:\frac{3}{4}$। সবচেয়ে বড় ও সবচেয়ে ছোট সংখ্যাটির বিয়োগফল 36 হলে সংখ্যাগুলি হবে?
(a) 72, 84, 108 (b) 60, 72, 96 (c) 72, 84, 96 (d) 72, 96, 108
87. $\sqrt{5+\sqrt{11+\sqrt{19+\sqrt{29+\sqrt{49}}}}} = ?$
(a) 5 (b) 7 (c) 3 (d) 9
88. বর্গমূল নির্ণয় করুন:
$\frac{(0.75)^3}{1-0.75} + [0.75 + (0.75)^2 + 1] = ?$
(a) 4 (b) 3 (c) 2 (d) 1
89. 'Blue Heart Campaign' এটি নীচের কোনটির সচেতনতা সম্পর্কিত?
(a) জলবায়ু (b) মানবপাচার (c) ডায়াবেটিস (d) শিশু পাচার
90. জেরোপথ্যালমিয়া রোগে কোন অঙ্গ আক্রান্ত হয়?
(a) চোখ (b) কান (c) জিহ্বা (d) ত্বক
91. কাকলি প্রথমে 5 কিলোমিটার পূর্বে গেল। তারপর ডানদিকে 8 কিলোমিটার গেল। এরপর বাঁদিকে ঘুরে 5 কিলোমিটার গেল ও তারপর আবার 8 কিলোমিটার বাঁদিকে গেল। এখন গন্তব্যস্থল থেকে কাকলির দূরত্ব কত?
(a) 7 কিমি (b) 6 কিমি (c) 10 কিমি (d) 13 কিমি
92. 120 মিটার দৈর্ঘ্যের একটি ট্রেন 6 সেকেন্ডে একটি টেলিগ্রাফ পোস্টকে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ কত?
(a) 72 কিমি/ঘণ্টা (b) 62 কিমি/ঘণ্টা (c) 55 কিমি/ঘণ্টা (d) 85 কিমি/ঘণ্টা
93. দু'টি বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত 4 : 9। তাদের পরিসীমার অনুপাত হবে?
(a) 2 : 3 (b) $1 : 2\sqrt{3}$ (c) $\sqrt{2} : \sqrt{6}$ (d) $3\sqrt{2} : 1$
94. একটি ট্রাপিজিয়াম-এর দু'টি সমান্তরাল বাহুর দৈর্ঘ্য 6 সেমি ও 12 সেমি এবং তাদের মধ্যবর্তী দূরত্ব 10 সেমি। ট্রাপিজিয়ামটির ক্ষেত্রফল কত?
(a) 95 বর্গসেমি (b) 86 বর্গসেমি (c) 75 বর্গসেমি (d) 90 বর্গসেমি
95. রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার লোগোতে কোন পশুর পরিচয় চিহ্ন রয়েছে?
(a) সিংহ (b) বাঘ (c) প্যান্থার (d) হাতি
96. 'সরফরোসি কি তমন্না অব হামারে দিলমে হ্যায়'— এটি ফাঁসির মঞ্চে কে উচ্চারণ করেন?
(a) ক্ষুদিরাম বসু (b) ভগৎ সিং (c) রামপ্রসাদ বিসমিল (d) যতীন দাস
97. তুলবুল প্রকল্পটি কোন নদীর ওপর?
(a) শতদ্রু (b) ইরাবতী (c) ঝিলাম (d) চন্দ্রভাগা
98. কোনও একটি শহরের জনসংখ্যা 15% প্রতি বছরে বৃদ্ধিপ্রাপ্ত হয়। যদি 2009-এর শেষে জনসংখ্যা 4000 হয় তবে 2011-এর শেষে জনসংখ্যা কত হবে?
(a) 5390 (b) 4780 (c) 5290 (d) 8256
99. পাঁচ অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাকে 3, 5, 8 ও 12 দ্বারা ভাগ করলে প্রতি ক্ষেত্রে 5 ভাগশেষ থাকবে?
(a) 99999 (b) 99965 (c) 99962 (d) 99960
100. প্রথম থেকে শুরু করে পাঁচটি ক্রমিক সংখ্যার ঘন-এর গড় কত?
(a) 55 (b) 65 (c) 45 (d) 35

**উত্তর**

1(c), 2(d), 3(b), 4(d), 5(c), 6(c), 7(a), 8(b), 9(c), 10(c), 11(d), 12(b), 13(d), 14(a), 15(c), 16(b), 17(d), 18(c), 19(d), 20(b), 21(b), 22(b), 23(c), 24(c), 25(b), 26(d), 27(a), 28(c), 29(d), 30(c), 31(b), 32(d), 33(a), 34(a), 35(b), 36(a), 37(d), 38(b), 39(b), 40(a), 41(d), 42(a), 43(c), 44(b), 45(b), 46(c), 47(a), 48(c), 49(b), 50(a), 51(a), 52(c), 53(c), 54(b), 55(c), 56(a), 57(c), 58(c), 59(a), 60(c), 61(d), 62(d), 63(c), 64(a), 65(b), 66(b), 67(d), 68(c), 69(a), 70(c), 71(c), 72(d), 73(b), 74(d), 75(a), 76(a), 77(b), 78(c), 79(a), 80(b), 81(d), 82(c), 83(b), 84(b), 85(d), 86(d), 87(c), 88(a), 89(b), 90(a), 91(c), 92(a), 93(a), 94(d), 95(b), 96(c), 97(c), 98(c), 99(b), 100(c).

**সমাধান:**

6(c): প্রদত্তরাশিমালা $= 243 \times \frac{5}{12} \times \frac{4}{5} \times \frac{2}{3} = 243 \times \frac{2}{9} = 54.$

7(a): $(999 \times 6) + \left[\frac{1}{7}+\frac{2}{7}+\frac{3}{7}+\frac{4}{7}+\frac{5}{7}+\frac{6}{7}\right]$

## কলকাতা পুলিশে কনস্টেবল


### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

59. নীচের সংখ্যা সারণিতে ভুল সংখ্যাটি নির্ণয় করুন।
1, 2, 6, 15, 32, 56, 92
(a) 1 (b) 6 (c) 32 (d) 92
60. 1932 সালে মহাত্মা গান্ধী কেন আমরণ অনশনে বসেছিলেন?
(a) গোল টেবিল বৈঠক ভারতের রাজনৈতিক আশা পূরণে ব্যর্থ হয়েছিল (b) কংগ্রেস ও মুসলিম লীগের মধ্যে মত পার্থক্য দেখা দিয়েছিল (c) র‍্যামসে ম্যাক ডোনাল্ড সম্প্রদায়ের ভিত্তিতে ভোটাধিকারের ঘোষণা (d) এর কোনওটিই নয়
61. মহম্মদ ঘোরি কার বিরুদ্ধে ভারতে তাঁর শেষ অভিযান চালিয়েছিলেন?
(a) 1192 সালে পৃথ্বীরাজের বিরুদ্ধে (b) 1204 সালে বাংলার বিরুদ্ধে (c) 1194 সালে জয়চন্দ্রের বিরুদ্ধে (d) 1206 সালে খোকরদের বিরুদ্ধে
62. মুখ্যমন্ত্রী পদমর্যাদায় কার সমতুল্য?
(a) প্রাক্তন প্রধানমন্ত্রীর সমতুল্য (b) প্রাক্তন রাষ্ট্রপতি (c) রাজ্যপাল (d) মুখ্য বিচারপতি
63. নীচের লেটার সিরিজে এমন কতকগুলি 'R' আছে যার ঠিক আগে 'M' এবং ঠিক পরে 'K' আছে?
N P K R M D C N M R K P Q K R N M R K R M K P R M
(a) 4 (b) 2 (c) 5 (d) 3
64. যদি 84 × 13 = 8 এবং 37 × 13 = 6 তবে 56 × 22 = ?
(a) 7 (b) 8 (c) 9 (d) 6

$= 5994 + \left[\frac{1+2+3+4+5+6}{7}\right] = 5994 + \frac{21}{7} = 5997.$

8(b): ধরি, সংখ্যাটি হবে = x
শর্তানুসারে, 3(x + 5) = (13 × 3) + 6 বা, 3x + 15 = 45 বা, x = 10.
9(c): ধরি, A, B ও C-এর নম্বর যথাক্রমে x, x – 10, x – 20
x + (x – 10) + (x – 20) = 165
বা, 3x = 195, x = 65
**নির্দেশ (10 to 14):**
10(c): W.
11(d): এদের কেউই নন।
12(b): WR.
13(d): R-এর ঠিক ডানদিকে।
14(a): U.




15(c):
P R O D U C E
16 18 15 4 21 3 5

18(c):
U N I V E R S I T Y
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
1 2 7 3 9 4 8 7 5 6

একইভাবে, T R U S T Y
5 4 1 8 5 6


19(d): 1 3 4 = Good and Tasty
4 7 8 = See Good Picture
7 2 9 = Pictures are Faint

See-এর জন্য কোড হল = 8.
28(c): $4^2 - 3 = 13$, $5^2 - 2 = 23$, $6^2 - 5 = 31$, $9^2 - 1 = 80$.
29(d): +90, +100, +110, +120 করে পরপর যোগ হয়েছে।
30(c): PRONE
এক্ষেত্রে R অক্ষরটি মূল শব্দে নেই।

36(a):

| | |
|---|---|
| + ⇒ – | – ⇒ × |
| ÷ ⇒ + | × ⇒ ÷ |

চিহ্ন পরিবর্তনের পর 10 ÷ 5 + 3 × 2 – 3 = 2 + 6 – 3 = 8 – 3 = 5.

37(d):



38(b): পাশাপাশি = (27 + 22) + 1 = 50, (13 + 12) + 1 = 26
∴ ? = (9 + 4) + 1 = 14.
39(b): A = 2B ∴ $B = \frac{1}{3}A$
∴ $A + B = A + \frac{A}{3} = \frac{4A}{3}$
যেহেতু A নল চৌবাচ্চাটিকে পূর্ণ করে 36 মিনিটে
$\frac{4A}{3}$ নল চৌবাচ্চাটিকে পূর্ণ করে $= 36 \div \frac{4}{3} = 27$ মিনিটে।
40(a): 10টি দ্রব্যের ক্রয়মূল্য = 8 টাকা
10টি দ্রব্যের বিক্রয়মূল্য = (1.25 × 10) = 12.50 টাকা
∴ লাভ $= \left(\frac{12.50 - 8}{8} \times 100\right)\% = 56.25\%$.
41(d): আসল = 1 টাকা, সুদ-আসল = 16 টাকা
সুদ = (16 – 1) = 15 টাকা
∴ শতকরা সুদের হার $r = \frac{1 \times 100}{pt} = \frac{15 \times 100}{1 \times 45}$
$= 33\frac{1}{3}\%$.

এরপর আগামী সংখ্যায়
*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

65. '?' স্থানের অঙ্কটি নির্ণয় করুন।
12 | 6 | 9 | △9   8 | 11 | 5 | △8   16 | 12 | 5 | △?
(a) 8 (b) 9 (c) 10 (d) 11

66.


| | | |
|---|---|---|
| 7B | 5C | 6B |
| 3C | 9B | 19A |
| 15A | 17A | ? |


(a) 14 B (b) 12 C (c) 16 C (d) 10 C
67. 5 জন লোক দৈনিক 6 ঘণ্টা কাজ করে 12 দিনে 50টি জামা বানাতে পারে। তবে 10 জন লোক দৈনিক 9 ঘণ্টা কাজ করে কতদিনে 250 টি জামা বানাতে পারে?
(a) 25 দিন (b) 20 দিন (c) 15 দিন (d) 10 দিন
68. আন্তর্জাতিক রেডক্রশ সংস্থার সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) জেনেভা (b) প্যারিস (c) রোম (d) স্টকহোম


69.


| | | |
|---|---|---|
| 4C | 2B | 3A |
| 28A | ? | 45B |
| 7C | 5A | 15B |

(a) 10 C (b) 12 C (c) 13 C (d) 7 C
70. কোলা জাতীয় ঠান্ডা পানীয়তে নীচের কোন বস্তুটি পাওয়া যায়?
(a) ক্যাফিন (b) ট্যানিন (c) রেনিন (d) নিকোটিন
71. হাইড্রোজেন বোমায় জ্বালানিরূপে ব্যবহৃত হয়?
(a) হাইড্রোজেন (b) ডয়টেরিয়াম (c) ট্রিটিয়াম (d) B ও C উভয়ই
72. ঔরঙ্গজেব হত্যা করেছিলেন তাঁর ভাই।
(a) দারা সিকোকে (b) সুজাকে (c) সুজা ও মুরাদ বক্সকে (d) দারাসিকো ও মুরাদ বক্সকে
73. ভারত কত সালে IMF সদস্য হয়েছিল?
(a) 1947 (b) 1950 (c) 1951 (d) 1955
74. তিনটি সংখ্যার সমষ্টি 136। যদি প্রথম ও দ্বিতীয় সংখ্যার অনুপাত 2 : 3 এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার অনুপাত 5 : 3 হয় তবে দ্বিতীয় সংখ্যাটি হল।
(a) 48 (b) 52 (c) 60 (d) 40
75. তিনটি সমান আয়তনের গ্লাসে অ্যাসিডের সঙ্গে জল মিশ্রিত আছে অ্যাসিড ও জলের অনুপাত যথাক্রমে 2 : 3, 3 : 4, 4 : 5। তিনটি গ্লাসের মিশ্রণকে একটি বড় পাত্রে ঢালা হল। বড় পাত্রে অ্যাসিড ও জলের অনুপাত:
(a) 417 : 564 (b) 401 : 544 (c) 407 : 560 (d) 411 : 540
76. 15, 25, 40 ও 75 দ্বারা বিভাজ্য চার অঙ্কের বৃহত্তম সংখ্যাটি কত?
(a) 9400 (b) 9600 (c) 9000 (d) 9900
77. 5 জন বালক বৃত্তাকারে এমনভাবে দাঁড়িয়ে আছে যাতে রহিমের অবস্থান অজয় আর টমের মাঝখানে, সলমনের অবস্থান বঙ্কুর বাঁদিকে এবং অজয় আছে সলমনের বাঁদিকে। তাহলে রহিমের ডানদিকে কে আছে?
(a) অজয় (b) বঙ্কু (c) টম (d) সলমন
78. E, A-এর পুত্র। D, B-এর পুত্র, E ও C দম্পতি। C, B-এর কন্যা। D, E-এর সঙ্গে কীভাবে সম্পর্কযুক্ত?
(a) ভাই (b) আঙ্কেল (c) শ্বশুর (d) শ্যালক
79. মুখের লালায় কোন এনজাইম পাওয়া যায়?
(a) রেনিন (b) টায়ালিন (c) টেনিন (d) রেপিন
80. নীচের কোন জোড়টি সঠিক নয়?
(a) কোটা-চম্বল (b) ভুবনেশ্বর-গোদাবরী (c) জব্বলপুর-নর্মদা (d) সুরাট-তাপ্তি
81. একজন অসাধু ব্যবসায়ী তার দ্রব্যগুলি ক্রয়মূল্যে বিক্রয় করেন কিন্তু তিনি ওজনে কম দিয়ে ঠকান। তিনি যদি 25% লাভ করেন তাহলে তিনি প্রতি কিলোগ্রামের জন্য কত ওজনের বাটখারা ব্যবহার করেন?
(a) 750 গ্রাম (b) 800 গ্রাম (c) 825 গ্রাম (d) 850 গ্রাম
82. A ও B বার্ষিক 10% সরল সুদে টাকা ধার নেয়। A ও B যথাক্রমে 5 বছর ও 3 বছরে তাদের ধান (সুদ-সহ) শোধ করে। দু'জনের শোধ করা টাকার অঙ্ক সমান হলে তাদের ধানের অনুপাত কত?
(a) 8 : 25 (b) 13 : 15 (c) 8 : 13 (d) 12 : 13
83. নীচের কোনটিতে ক্লোরিন নেই?
(a) ডিডিটি (b) ক্লোরোফিল (c) ক্লোরোফর্ম (d) ব্লিচিং পাউডার
84. ভারত ভাগের সময় ভারতে দেশীয় রাজ্য কতগুলি ছিল?
(a) 555 (b) 558 (c) 560 (d) 562
85. তুতিকোরিন নামক গুরুত্বপূর্ণ মৎস্য বন্দরটি কোন উপকূলে অবস্থিত?
(a) মালাবার (b) করমণ্ডল (c) কঙ্কন (d) কচ্ছ উপসাগর
**নির্দেশ (86 to 90):** নীচের প্রতিটি চিত্রে বর্গক্ষেত্রের সংখ্যা নির্ণয় করুন:

86.

(a) 16 (b) 18 (c) 20 (d) 24

87.

(a) 36 (b) 28 (c) 32 (d) 30

88.

(a) 16 (b) 17 (c) 18 (d) 19

89.

(a) 12 (b) 8 (c) 10 (d) 14


*এরপর বারোর পাতায়*

# চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

## কলকাতা পুলিশে কনস্টেবল

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

এগারোর পাতার পর

90. 

(a) 34 (b) 36 (c) 35 (d) 37

91. তিনটি সংখ্যার গড় 77। প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যার দ্বিগুণ এবং দ্বিতীয় সংখ্যাটি তৃতীয় সংখ্যার দ্বিগুণ। সংখ্যা তিনটি নির্ণয় করুন:
(a) 88, 44, 22 (b) 132, 66, 33 (c) 44, 22, 11 (d) 40, 20, 10

92. সাইখম মীরাবাঈ চানু কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) বক্সিং (b) জিমন্যাসটিক (c) সাঁতার (d) ভারোত্তোলন

93. নীচের কোনটি রিজার্ভ ব্যাঙ্ক (RBI)–এর কাজ নয়?
(a) সরকারের ব্যাঙ্কার (b) ব্যাঙ্ক নোট ইসু করা (c) সাধারণ মানুষের আমানত গ্রহণকারী (d) কোনওটিই নয়

94. কিছু টাকার বার্ষিক 10% হারে 2 বছরের চক্রবৃদ্ধি সুদ 525 টাকা। একই পরিমাণ টাকার দ্বিগুণ সময় ও বার্ষিক 5% হারে সরল সুদ কত?
(a) 400 টাকা (b) 800 টাকা (c) 600 টাকা (d) 500 টাকা

95. A, B, C একটি ব্যবসা শুরু করে। এক বছরে A মোট লাভের $\frac{1}{3}$ অংশ পায়। B $\frac{1}{4}$ অংশ পায় এবং C 5000 টাকা লভ্যাংশ পায়। A কত টাকা লভ্যাংশ পায়?
(a) 5000 টাকা (b) 4000 টাকা (c) 3000 টাকা (d) 1000 টাকা

96. একটি রম্বসের বাহুর দৈর্ঘ্য 15 সেমি এবং একটি কর্ণ 18 সেমি হলে, অপর কর্ণের দৈর্ঘ্য কত সেমি?
(a) 14 (b) 15 (c) 16 (d) 24

97. $(\sqrt{20}+\sqrt{6}-\sqrt{45})x=\sqrt{54}-\sqrt{5}-\sqrt{24}$ হলে, x = ?
(a) 1 (b) 0 (c) 2 (d) কোনওটিই নয়

98. $\frac{3}{5}$ এর $\frac{4}{7}$ এর $\frac{5}{9}$ এর $\frac{21}{24}$ এর 504 = কত?
(a) 63 (b) 69 (c) 96 (d) 84

99. $999\frac{995}{999}\times 999 = ?$
(a) 990809 (b) 998996 (c) 999824 (d) কোনওটিই নয়

100. কোন আইনে খ্রিস্টীয় মিশনারিরা ভারতে প্রবেশের ছাড়পত্র পায়?
(a) 1793-র চার্টার আইন (b) 1813-র চার্টার আইন (c) 1833-র চার্টার আইন (d) 1784-র পীটের ভারত আইন

**উত্তর**

59(c), 60(c), 61(d), 62(a), 63(b), 64(a), 65(d), 66(c), 67(b), 68(a), 69(a), 70(a), 71(b), 72(d), 73(c), 74(c), 75(b), 76(b), 77(c), 78(d), 79(b), 80(b), 81(b), 82(b), 83(b), 84(d), 85(b), 86(c), 87(d), 88(c), 89(c), 90(c), 91(b), 92(d), 93(c), 94(d), 95(b), 96(d), 97(a), 98(d), 99(b), 100(b).

**সমাধান**

4(b): $\left(1\frac{2}{9}\div 1\frac{2}{5}\text{ এর }\frac{5}{21}\right)+\frac{1}{3}=\left(\frac{11}{9}\div\frac{1}{3}\right)+\frac{1}{3}=\frac{11}{9}\times\frac{3}{1}+\frac{1}{3}$
$=\frac{11}{3}+\frac{1}{3}=\frac{12}{3}=4.$

7(c): A কাজটি করে = $18\times\frac{4}{3}=24$ দিনে
∴ B কাজটি করবে = (24 ÷ 2) দিনে = 12 দিনে।

8(d): $\frac{P+Q+13+21}{4}=16$
বা, P + Q + 34 = 64 বা, P + Q = 30
আবার, $\frac{Q+5+12+17}{4}=10$ বা, Q + 34 = 40 বা, Q = 6 ∴ P = 24
এবং PQ = 24 × 6 = 144.

11(c): সরল সুদ $\frac{\text{Principal}\times\text{Time}\times\text{Rate}}{100}$
$=\frac{950\times4\times6}{100}=228$ টাকা
∴ ফেরৎ দিতে হবে = (950 + 228) টাকা = 1178 টাকা।

15(d): 27 × 3 ÷ 30 + 5 − 125 = 27 ÷ 3 − 30 × 5 + 125 = 9 − 150 + 125 = 134 − 150 = − 16.

21(d): $\frac{a}{b}+\frac{b}{a}=1$ বা, $\frac{a^2+b^2}{ab}=1$
বা, $a^2-ab+b^2=0$, $a^3+b^3=(a+b)(a^2-ab+b^2)=(a+b)\times0=0.$

22(b): tan x = sin 45°. cos 45° + sin 30°
বা, tan x = $\frac{1}{\sqrt{2}}\times\frac{1}{\sqrt{2}}+\frac{1}{2}$ বা, tan x = $\frac{1}{2}+\frac{1}{2}$ বা, tan x = 1 = tan 45°
∴ x = 45°.

26(a): $\sqrt{2.25}+\sqrt{6.25}=\sqrt{1.5+2.5}=\sqrt{4.0}=2.0.$

27(a): $\sqrt{1+\frac{27}{169}}=1+\frac{x}{13}$
বা, $\sqrt{\frac{169+27}{169}}=1+\frac{x}{13}$ বা, $\sqrt{\frac{196}{169}}=1+\frac{x}{13}$
বা, $\frac{14}{13}=1+\frac{x}{13}$ বা, $\frac{x}{13}=\frac{14}{13}-1$ বা, $\frac{x}{13}=\frac{14-13}{13}$
বা, $\frac{x}{13}=\frac{1}{13}$ ∴ x = 1.

32(b): অপর সংখ্যা = $\frac{\text{ল.সা.গু.}\times\text{গ.সা.গু.}}{\text{একটি সংখ্যা}}=\frac{225\times5}{25}=45.$

33(c): 6টি সংখ্যার গড় = 12
সমষ্টি = 6 × 12 = 72
নতুন সংখ্যা যোগ করার পর সাতটি সংখ্যার গড় = 12 − 1 = 11
সাতটি সংখ্যার সমষ্টি = 7 × 11 = 77
∴ সপ্তম সংখ্যা = (77 − 72) = 5.

34(b): প্রথম স্তম্ভ = (12 × 8) + 4 = 100
দ্বিতীয় স্তম্ভ = (8 × 4) + 12 = 44
তৃতীয় স্তম্ভ = (4 × 12) + 8 = 56.

35(b): শব্দগুলিকে বর্ণানুক্রমিকভাবে সাজালে শব্দগুলির ক্রম হয়:
orchid → ordeal → outfit → outline → overdue.

38(d): শ্রেণিটি হল = – 11, – 22, – 33, – 44, – 55
∴ উত্তর = (215 – 55) = 160.

48(d): ধরি, বৃত্ত দু'টির ব্যাসার্ধ r এবং R
∴ $2\times\frac{22}{7}\times r=88$ এবং $2\times\frac{22}{7}\times R=132$
⇒ r = 14 ⇒ R = 21
∴ নির্ণেয় ক্ষেত্রফল $\pi R^2-\pi r^2=\frac{22}{7}(21^2-14^2)=770$ বর্গসেমি।

49(d): LIGHT = 20 – 17 – 15 – 16 – 28.

56(b):

| | |
|---|---|
| | 260 টাকা |
| − 10% | −26 টাকা |
| প্রথম বিক্রয়মূল্য | = 234 টাকা |
| −8% | = 18.72 টাকা |
| দ্বিতীয় বিক্রয়মূল্য | = 215.28 টাকা |

57(c): $4-\cfrac{5}{1+\cfrac{1}{3+\cfrac{1}{\frac{9}{4}}}}=4-\cfrac{5}{1+\cfrac{1}{3+\frac{4}{9}}}=4-\cfrac{5}{1+\cfrac{1}{\frac{31}{9}}}=4-\cfrac{5}{1+\frac{9}{31}}$
$=4-\frac{5}{\frac{40}{31}}=4-\frac{155}{40}=\frac{160-155}{40}=\frac{5}{40}=\frac{1}{8}.$

58(c): 3x × 4x × 6x = 1994
বা, $72x^3=1944$ বা, $x^3=\frac{1944}{72}=27$ ∴ x = 3
বৃহত্তম সংখ্যাটি = 6 × 3 = 18.

59(c): 1 2 6 15 32 56 92
+1 +4 +9 +17 +24 +16
এখানে প্রতিটি সংখ্যার মধ্যে পার্থক্য একটি বর্গ সংখ্যা $(2)^2=4$, $(3)^2=9$, $(6)^2=36$ ∴ ভুল সংখ্যা = 32.

63(b): N P K R M D C N <u>M R K</u> P Q K R N <u>M R K</u> R M K P R M.

64(a): (8 + 4) − (1 + 3) = 12 − 4 = 8
(3 + 7) − (1 + 3) = 10 4 = 6, (5 + 6) − (2 + 2) = 11 − 4 = 7.

65(d): প্রথম চিত্রে 12 + 6 + 9 = 27, 9 = $\frac{27}{3}$
দ্বিতীয় চিত্রে 8 + 11 + 5 = 24, 8 = $\frac{24}{3}$
তৃতীয় চিত্রে 16 + 12 + 5 = 33, 11 = $\frac{33}{3}$.

66(c): প্রত্যেকটি Column-এ A, B ও C অন্তত একবার করে বসবে। কর্ণ বরাবর দু'টি সংখ্যার যোগফল তৃতীয় ঘরে বসবে।

67(b): $\frac{M_1\times T_1\times D_1}{W_1}=\frac{M_2\times T_2\times D_2}{W_2}$
বা, $\frac{5\times6\times12}{50}=\frac{10\times9\times D_2}{250}$ বা, $D_2=\frac{5\times6\times12\times250}{50\times10\times9}=20$
∴ নির্ণেয় সময় = 20 দিন।

69(a): প্রত্যেক row-তে A, B, C অন্তত একবার করে বসবে।
4 × 7 = 28, 3 × 15 = 45, 2 × 5 = 10.


74(c): $\frac{\text{প্রথম সংখ্যা}}{\text{দ্বিতীয় সংখ্যা}}=\frac{2}{3}\times\frac{5}{5}=\frac{10}{15}$
$\frac{\text{দ্বিতীয় সংখ্যা}}{\text{তৃতীয় সংখ্যা}}=\frac{5}{3}\times\frac{3}{3}=\frac{15}{9}$
প্রথম : দ্বিতীয় : তৃতীয় সংখ্যা = 10 : 15 : 9
প্রশ্নানুযায়ী, 10x + 15x + 9x = 136
বা, 34x = 136 ∴ x = $\frac{136}{34}=4$
∴ দ্বিতীয় সংখ্যাটি = 15 × 4 = 60.

75(b): ধরি, প্রতিটি গ্লাসের আয়তন 1 লিটার, বড় পাত্রে অ্যাসিড ও জলের অনুপাত
$=\left(1\times\frac{2}{5}+1\times\frac{3}{7}+1\times\frac{4}{9}\right):\left(1\times\frac{3}{5}+1\times\frac{4}{7}+1\times\frac{5}{9}\right)=\left(\frac{2}{5}+\frac{3}{7}+\frac{4}{9}\right):\left(\frac{3}{5}+\frac{4}{7}+\frac{5}{9}\right)$
$=\left(\frac{126+135+140}{315}\right):\left(\frac{189+180+175}{315}\right)=\frac{401}{315}:\frac{544}{315}=401:544.$


76(b): 15, 25, 40, 75 এর ল.সা.গু. = 600
চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = 9999

600 | 9999 | 16
600
3999
3600
399

∴ নির্ণেয় সংখ্যা = (9999 − 399) = 9600.

77(c): 


∴ রহিমের ডানদিকে টম বসেছে।

78(d): 


∴ D, E-এর শ্যালক।

81(b): মনে করি, তিনি প্রতি কিলোগ্রামের জন্য x গ্রামের বাটখারা ব্যবহার করেন
শর্তানুসারে, $\frac{1000-x}{x}\times100=25$ বা, 100000 − 100x = 25x
বা, 125x = 100000 ∴ x = 800.

82(b): ধরি, A ও B -এর ঋণ যথাক্রমে x টাকা ও y টাকা
শর্তানুসারে, $x+\frac{x\times10\times5}{100}=y+\frac{y\times10\times3}{100}$ বা, $x+\frac{50x}{100}=y+\frac{30y}{100}$
বা, $x+\frac{x}{2}=y+\frac{3y}{10}$ বা, $\frac{3x}{2}=\frac{13y}{10}$
বা, $\frac{x}{y}=\frac{26}{30}$ বা, $\frac{x}{y}=\frac{13}{15}$ ∴ x : y = 13 : 15.

91(b): ধরি, তৃতীয় সংখ্যাটি = x
দ্বিতীয় সংখ্যাটি হবে = 2x
প্রথম সংখ্যাটি হবে = 4x
শর্তানুসারে, 4x + 2x + x = 77 × 3
বা, 7x = 77 × 3 ∴ x = $\frac{77\times3}{7}=33$
∴ সংখ্যা তিনটি হল = 132, 66, 33.

94(d): ধরি, টাকার পরিমাণ = P
প্রশ্নানুযায়ী $\left[P\left(1+\frac{10}{100}\right)-P\right]=525$ বা, $P\left[\left(\frac{110}{100}\right)-1\right]=525$
বা, $P\left[\left(\frac{11}{10}\right)-1\right]=525$ বা, $P=\frac{525\times100}{21}$
∴ P = 2500
∴ নির্ণেয় সরল সুদ = $\left(\frac{2500\times5\times4}{100}\right)$ টাকা = 500 টাকা।

95(b): C পায় মোট লাভের = $\left(1-\frac{1}{3}-\frac{1}{4}\right)$ অংশ = $\frac{5}{12}$ অংশ
∴ মোট লাভের $\frac{5}{12}$ অংশ = 5000 টাকা
∴ মোট লাভ = $\left(5000\times\frac{12}{5}\right)$ টাকা = 12000 টাকা
A পায় = $\left(12000\times\frac{1}{3}\right)$ টাকা = 4000 টাকা।

96(d): অপর কর্ণ x সেমি হলে $15=\frac{1}{2}\times\sqrt{(18)^2+x^2}$
বা, $324+x^2=900$ বা, $x^2=576$ ∴ x = 24.

97(a): $(\sqrt{20}+\sqrt{6}-\sqrt{45})x=\sqrt{54}-\sqrt{5}-\sqrt{24}$
বা, $\left(\sqrt{2^2.5}+\sqrt{6}-\sqrt{3^2.5}\right)x=\sqrt{3^2.6}-\sqrt{5}-\sqrt{2^2.6}$
বা, $(2\sqrt{5}+\sqrt{6}-3\sqrt{5})x=3\sqrt{6}-\sqrt{5}-2\sqrt{6}$
বা, $(\sqrt{6}-\sqrt{5})x=\sqrt{6}-\sqrt{5}$ ∴ x = 1.

98(d): নির্ণেয় সংখ্যা = $\frac{3}{5}\times\frac{4}{7}\times\frac{5}{9}\times\frac{21}{24}\times504=84.$

99(b): $\left(999+\frac{995}{999}\right)\times999$
$=\left(999+\frac{999-4}{999}\right)\times999=\left(999+\frac{999}{999}-\frac{4}{999}\right)\times999$
$=\left(999+1-\frac{4}{999}\right)\times999=\left(999-\frac{4}{999}\right)\times999=999000-\frac{4}{999}\times999$
= 999000 − 4 = 998996.

প্রস্তুত করেছেন: অভিষেক রায়

# ন্যাবার্ডে ১৫৩ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ১৫৩ জনকে নিয়োগ করবে ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট (ন্যাবার্ড)। জেনারেল, এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং, ফিনান্স-সহ বিভিন্ন শাখায় নিয়োগ হবে রুর‍্যাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কিং সার্ভিসে, গ্রেড 'এ' ক্যাটেগরিতে। ২ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শাখানুসারে শূন্যপদের বিন্যাস এবং শিক্ষাগত যোগ্যতা: জেনারেল:** ৮০টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২১, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও বিষয়ে স্নাতক। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা এম বি এ বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা সি এ বা সি এস বা আই সি ডব্লু এ। অথবা পি এইচ ডি ডিগ্রি।

**এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং:** ৫টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **সিভিল ইঞ্জিনিয়ারিং:** ৩টি (সাধারণ ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং/এনভায়রনমেন্টাল সায়েন্স:** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতক স্তরে মোট অন্তত ৬০ শতাংশ এবং স্নাতকোত্তর স্তরে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**ল্যান্ড ডেভেলপমেন্ট সয়েল সায়েন্স:** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচার অথবা সয়েল সায়েন্স বা অ্যাগ্রনমিতে স্পেশ্যালাইজেশন-সহ এগ্রিকালচারে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতক স্তরে মোট অন্তত ৬০ শতাংশ এবং স্নাতকোত্তর স্তরে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**ফিনান্স:** ৩০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৫, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: ফিনান্স বা ব্যাঙ্কিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ বি বি এ বা বি এম এস পাশ। অথবা ফিনান্সিয়াল অ্যান্ড ইনভেস্টমেন্ট অ্যানালিসিসে স্নাতক। স্নাতক স্তরে ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর ও ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা এম বি এ। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে সি এফ এ পাশ বা ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া বা ইনস্টিটিউট অব কস্ট অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়ার মেম্বারশিপ। ১-৭-২০২২ তারিখের আগে মেম্বারশিপ পেয়ে থাকতে হবে।

**কম্পিউটার ইনফর্মেশন/টেকনোলজি:** ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার টেকনোলজি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজিতে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি।

**ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট:** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: সোশ্যাল ওয়ার্ক বা ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট বা ডেভেলপমেন্ট স্টাডিজে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। অথবা রুর‍্যাল ডেভেলপমেন্ট বা রুর‍্যাল ম্যানেজমেন্ট বা ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট বা ডেভেলপমেন্ট স্টাডিজে স্নাতকোত্তর ডিপ্লোমা।

সব ক্ষেত্রেই তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা শিক্ষাগত যোগ্যতায় মোট নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2/Grade A/2022-23.

**বয়স:** ১-৭-২০২২ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৮,১৫০-৫৫,৬০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।ফেজ ওয়ান (প্রিলিমিনারি) পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, কলকাতা ও বৃহত্তর কলকাতা এবং শিলিগুড়ি। ২০০ নম্বরের ফেজ ওয়ান পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে রিজনিং, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কম্পিউটার নলেজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ডিসিশন মেকিং, জেনারেল অ্যাওয়্যারনেস, ইকনমিক অ্যান্ড সোশ্যাল ইস্যুজ এবং এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। ফেজ-টু পরীক্ষার প্রথম পত্রে ১০০ নম্বরের ডেসক্রিপটিভ ধরনের প্রশ্ন হবে ইংরেজি রাইটিং স্কিল বিষয়ে। দ্বিতীয় পত্রে (১০০ নম্বর) জেনারেল শাখার জন্য প্রশ্ন হবে ইকনমিক অ্যান্ড সোশ্যাল ইস্যুজ এবং এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট বিষয়ে এবং অন্যান্য শাখার জন্য প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। ফেজ-টু পরীক্ষার সময়সীমা পেপার-ওয়ানের ক্ষেত্রে দেড় ঘণ্টা ও পেপার টুয়ের ক্ষেত্রে ২ ঘণ্টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nabard.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৭ অগস্ট। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (সাদা অথবা হালকা রঙের ব্যাকগ্রাউন্ড থাকতে হবে, ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং নির্দিষ্ট বয়ানে প্রার্থীর নিজের হাতে লেখা একটি ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে শুধু ইন্টিমেশন ফি বাবদ ১৫০ টাকা দিতে হবে। অনলাইনে ডেবিট কার্ড (মাস্টার/ভিসা/রুপে), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড, মোবাইল ওয়ালেট বা আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস)-এর মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর প্রাপ্ত ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইন দরখাস্ত করার আগে প্রার্থীকে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়ার পর যথাযথ ভাবে দরখাস্ত পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পশ্চিম বর্ধমানে স্বাস্থ্যকর্মী

*ছয়ের পাতার পর*

তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অক্সিলারি নার্স মিডওয়াইফারি (এ এন এম) বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি এন এম) কোর্স পাশ। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষা জানতে হবে। পশ্চিম বর্ধমান জেলার স্থায়ী বসবাসকারী হতে হবে। **বয়স:** ২১ থেকে ৪০ বছরের মধ্যে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ১৩,০০০ টাকা।

**স্পেশ্যালিস্ট মেডিক্যাল অফিসার-মেডিসিন:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **স্পেশ্যালিস্ট মেডিক্যাল অফিসার-পেডিয়াট্রিক্স:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **স্পেশ্যালিস্ট মেডিক্যাল অফিসার-গাইনিকোলজি অ্যান্ড অবস্টেট্রিক্স:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **স্পেশ্যালিস্ট মেডিক্যাল অফিসার-অপথ্যালমোলজিস্ট:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এম বি বি এস, সেইসঙ্গে পদ অনুযায়ী মেডিসিন, পেডিয়াট্রিক মেডিসিন, গাইনিকোলজি অ্যান্ড অবস্টেট্রিক্স, অপথ্যালমোলজিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। সব ক্ষেত্রেই কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। **বয়স:** ২১ থেকে ৬২ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** দৈনিক ৩,০০০ টাকা (সপ্তাহে তিন দিন আংশিক সময়ের ভিত্তিতে)।


সব ক্ষেত্রেই ১-১-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা (তফসিলি, ও বি সিদের ক্ষেত্রে ৫০ টাকা)। ফি জমা দিতে হবে যে-কোনও ইউ পি আই অ্যাপ্লিকেশনের মাধ্যমে এই নম্বরে: 8250999022@icici অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ জুলাই। দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পর সেটির একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। ইউ টি আর নম্বর-সহ ফি জমা দেওয়ার রসিদের প্রিন্ট আউটও নেবেন। এগুলি পাঠাতে হবে।

**দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন:** ✓ফি জমা দেওয়ার রসিদ। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓সচিত্র পরিচয়পত্রের (ভোটার কার্ড বা আধার কার্ড বা পাসপোর্ট বা প্যান কার্ড) স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓কর্মরতদের ক্ষেত্রে এন ও সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

নথিপত্র সহ দরখাস্তের প্রিন্ট আউট ভরা খামের উপর লিখবেন: 'Application for the post of ____________'. ৪ অগস্টের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: The CMOH & Member Secretary, Office of the CMOH, Kalyanpur Satellite Township, Asansol Paschim Bardhaman, Pin-713 305.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



# ডিরোজিও কলেজে বি ভোক ও ডিপ্লোমা কোর্সে ভর্তি

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতার ডিরোজিও মেমোরিয়াল কলেজে পড়ানো হচ্ছে তিনটি বি ভোক এবং দু'টি স্বল্পমেয়াদের ডিপ্লোমা কোর্স। বি ভোক কোর্সগুলি হল: ব্রডকাস্ট জার্নালিজম, পাবলিক রিলেশনস এবং প্রিন্টিং টেকনোলজি অ্যান্ড বুক পাবলিশিং। স্বল্পমেয়াদি ডিপ্লোমা কোর্সদু'টি হল: ফটোগ্রাফি অ্যান্ড ভিডিওগ্রাফি এবং ওয়েব ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট।

তিন বছরের বি ভোক কোর্সের পাঠ্যক্রম ৬ মাসের ৬টি সেমিস্টারে বিভক্ত। অন্য দিকে, ডিপ্লোমা কোর্সদু'টির মেয়াদ ১ বছর।

উল্লেখ্য, দেশ জুড়ে ন্যাশনাল স্কিল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্কের মাপকাঠি অনুসরণ করে চালু হয়েছে বি ভোক ডিগ্রি প্রোগ্রামের পাঠ্যক্রম। যে-কোনও শাখায় বা ভোকেশনাল কোর্সে উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ ছাত্রছাত্রীরা বি ভোক কোর্সে ভর্তি হতে পারেন। বয়সের কোনও বিধিনিষেধ নেই। পশ্চিমবঙ্গে যেসব প্রতিষ্ঠানে বি ভোক পড়ানো শুরু হয়েছে, সেগুলির মধ্যে অন্যতম পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ডিরোজিও মেমোরিয়াল কলেজ। এই কলেজে ডিপ্লোমা কোর্সদু'টি কমিউনিটি কলেজ স্কিমের অধীনে পড়ানো হয়। সব কোর্সেই এখনই ভর্তির আবেদন করা যাচ্ছে।

## বি ভোক ডিগ্রি কোর্স

### ব্রডকাস্ট জার্নালিজম

সাংবাদিকতার ধারণা ও পাঠ দেওয়া হয় এই কোর্সে। হাতে-কলমে শেখানো হয় ক্যামেরা হ্যান্ডলিং, ডিজিটাল এডিটিং, পোস্ট প্রোডাকশন, সাউন্ড এডিটিং, স্পেশাল এফেক্টস ইত্যাদি।

### পাবলিক রিলেশনস

এই কোর্সে শেখানো হয় মিডিয়া রাইটিং, রিপোর্টিং, এডিটিং, কনটেন্ট রাইটিং, বিজ্ঞাপনের কপি রাইটিং, ইভেন্ট মার্কেটিং, ইভেন্ট ম্যানেজমেন্ট, ইভেন্ট প্ল্যানিং, ক্রাইসিস কমিউনিকেশন, মিডিয়া ইকনমিক্স, জনসংযোগ, অ্যাড ক্যাম্পেন, কর্পোরেট জনসংযোগ ইত্যাদি।

### প্রিন্টিং টেকনোলজি ও বুক পাবলিশিং

এই কোর্সে শেখানো হয় গ্রাফিক্স কমিউনিকেশন, বুক প্রিন্টিং ও প্রোডাকশন পদ্ধতি, মার্কেটিং, এডিটিং, প্রুফ চেকিং, কালার রিপ্রোডাকশন, আর্টিস্টিক ম্যানেজমেন্ট, ডিজিটাল প্রি-প্রেস, টাইপোগ্রাফি, কভার ডিজাইনিং, বিভিন্ন প্রিন্টিং পদ্ধতি ইত্যাদি।

## ডিপ্লোমা কোর্স

### ফটোগ্রাফি অ্যান্ড ভিডিওগ্রাফি

এই কোর্সে মূলত শেখানো হয় ওয়েডিং ফটোগ্রাফি, ওয়েডিং ভিডিওগ্রাফি, প্রোডাক্ট ফটোগ্রাফি, স্টিল ফটোগ্রাফি, মিউজিক ভিডিও তৈরি, ভিডিও ডকুমেন্টারি, ডকু-ফিচার, পোর্টফোলিও তৈরি ইত্যাদি। বিভিন্ন ধরনের লাইট সেট-আপ, ফটোশুটের ব্যাকগ্রাউন্ড, ক্রোম স্টুডিও, বিভিন্ন ধরনের ডি এস এল আর ক্যামেরা, ভিডিও ক্যামেরা, স্টুডিও ক্যামেরা, ফিশ আই লেন্সের ক্যামেরা, ড্রোন ক্যামেরা এবং স্টুডিও ফ্লোর সহ যাবতীয় পরিকাঠামো কলেজেই রয়েছে হাতে-কলমে প্রশিক্ষণের জন্য। এছাড়াও রয়েছে বিভিন্ন ফটোগ্রাফি ওয়ার্কশপে নিখরচায় অংশগ্রহণের সুযোগ।

### ওয়েব ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট

নেটওয়ার্ক টেকনোলজি, ওয়েব পেজ ডিজাইনের বেসিকস, সিকিওরিটি প্রোগ্রামিং, ওয়েব ডিজাইনিং ও সফটওয়্যার ডেভেলপমেন্ট, কোডিং প্র্যাকটিস প্রভৃতি বিষয় এই কোর্সের অন্তর্ভুক্ত।

## শিক্ষাগত যোগ্যতা

যে-কোন বিষয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার উত্তীর্ণরা ডিগ্রি ও ডিপ্লোমা কোর্সগুলিতে ভর্তির জন্য আবেদন করতে পারেন। বয়সের কোনও বিধিনিষেধ নেই। আবেদনের ভিত্তিতে প্রার্থীর প্রয়োজন যাচাই করে স্কলারশিপের সুযোগ রয়েছে।

## কীভাবে ভর্তি

ভর্তির জন্য অনলাইনে আবেদন করা যাবে ১৮ জুলাই থেকে ৫ অগস্ট পর্যন্ত। আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: http://dmcadmission.co.in বি ভোক কোর্সে পঠনপাঠনের মোট খরচ ৬,৫২০ টাকা। এর মধ্যে ভর্তির সময় দিতে হবে ৪,৭২০ টাকা। ডিপ্লোমা কোর্সে মোট খরচ ১০,০০০ টাকা। ভর্তির সময় দিতে হবে ৫,০৫০ টাকা। উভয় ক্ষেত্রেই কোর্স ফি-র বাকি টাকা কিস্তিতে শোধ করার সুযোগ আছে। এছাড়া উভয় ক্ষেত্রেই আবেদনের সময় বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রেশন ফি ও ফর্ম ফিল-আপ ফি বাবদ ৮০০ টাকা দিতে হবে। প্রতিটি কোর্সেই মোট আসনসংখ্যা ৫০টি। সপ্তাহে দুই থেকে তিন দিন ক্লাস হয়। কোর্স শেষে ক্যাম্পাসিং, ইন্টার্নশিপ ও প্লেসমেন্টের সুযোগ রয়েছে। কোর্স সম্পর্কে বিশদে জানতে ও ভর্তি সংক্রান্ত বিষয়ে তথ্য জানতে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৩০৫-৫১৭৭৪, ৭৯৮০০-৮৮৭১৪ (ছুটির দিন বাদে যে-কোনও কাজের দিন সকাল ১১ টা থেকে বিকেল ৫ টার মধ্যে)। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.dmc.ac.in

# মালদায় স্বাস্থ্যকর্মী

স্টাফ নার্স, পাবলিক হেলথ ম্যানেজার, ল্যাবরেটরি টেকনিশিয়ান-সহ বিভিন্ন পদে ৩৫ জনকে নেবে মালদার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ করা হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DH&FWS/1471.

**শূন্যপদের বিবরণ: ব্লক এপিডেমিওলজিস্ট:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: লাইফ সায়েন্স বা এপিডেমিওলজিতে এম এসসি অথবা বি এ এম এস বা বি এইচ এম এস বা বি ইউ এম এস পাশ, সঙ্গে পাবলিক হেলথে স্নাতকোত্তর ডিগ্রি। এম এস অফিসের ব্যবহার জানতে হবে। পি এইচ ডি বা এম ফিল করা থাকলে ও জনস্বাস্থ্য ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,০০০ টাকা।

**ব্লক পাবলিক হেলথ ম্যানেজার:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: লাইফ সায়েন্সে বি এসসি, সঙ্গে ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। অ্যাডভান্সড এম এস অফিসের ব্যবহার জানতে হবে। লাইফ সায়েন্সে এম এসসি ও জনস্বাস্থ্য ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,০০০ টাকা।

**ল্যাবরেটরি টেকনিশিয়ান:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা অথবা স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন থেকে ল্যাবরেটরি টেকনিক্সে ডিপ্লোমা। সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৯ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ২২,০০০ টাকা।

**ব্লক ডেটা ম্যানেজার:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনসে ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ। এর পাশাপাশি এম এস অফিসের ব্যবহার জানতে হবে। ডেটা রেকর্ডিং ও অ্যানালিসিস-সংক্রান্ত কাজে সরকারি ক্ষেত্রে ৩ বা বেসরকারি ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ২২,০০০ টাকা।

**মেডিক্যাল অফিসার:** ৫টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, ১ বছরের কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। কম্পিউটার, ইন্টারনেট ও এম এস অফিসের ব্যবহার জানতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৬০,০০০ টাকা।

**স্টাফ নার্স:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ। অথবা বি এসসি নার্সিং পাশ। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় দক্ষ হতে হবে। বয়স: ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ২৫,০০০ টাকা।

**কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট-আর্বান (মহিলা):** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: অক্সিলারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় দক্ষ হতে হবে। প্রার্থীকে অবশ্যই মালদা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স: ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ১৩,০০০ টাকা।

১-১-২০২২ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটি থেকে: www.wbhealth.gov.in, www.malda.gov.in

ফি বাবদ এন ই এফ টি বা ব্যাঙ্ক ট্রান্সফারের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা (তফসিলি, ও বি সি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৫০ টাকা)। ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্টে: District Health & Family Welfare Samity, Malda (Main A/c), Bank Name: Punjab National Bank, Malda. Account No. 0233010367893, IFSC Code: PUNB0023320.

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓ফি দিয়ে পাওয়া রিসিপ্ট। ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে ভোটার কার্ড বা রেশন কার্ড বা পাসপোর্ট বা আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্র হিসেবে ভোটার কার্ড বা আধার বা প্যান কার্ড বা পাসপোর্টের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর ইংরেজির বড় হরফে যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত ২০ জুলাইয়ের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the Secretary, District Health & Family Welfare Samity & Chief Medical Officer of Health, Malda, P.O. Jhaljhalia (J.R.C.), District: Malda, Pin: 732102.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিখরচায় খাদ্য তৈরির সরকারি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** এমন অনেকেই আছেন যাঁরা হোটেল-রেস্তোরাঁয় খাবার তৈরির পেশার সঙ্গে যুক্ত, কিন্তু রান্নায় দক্ষতা এসেছে পূর্বসূরিদের দেখে বা নিজে রান্না করতে করতে। রাঁধুনি বা 'কুক' হিসেবে তাঁদের কোনও প্রথাগত প্রশিক্ষণ নেই। ফলে কোনও সার্টিফিকেটও নেই। তাঁদের ক্ষেত্রে চাকরি পেতে বা চাকরি বদলাতে সমস্যা হয় উপযুক্ত সার্টিফিকেট না থাকায়। এঁদের মধ্যে যাঁরা নিজস্ব মালিকানার রেস্তোরাঁ বা ক্যাটারিং সংস্থা খুলে ব্যবসা করার উদ্যোগ নেন, রন্ধন-দক্ষতার স্বীকৃত সার্টিফিকেট তাঁদেরও নানা ভাবে কাজে আসে। ব্যাঙ্ক থেকে আর্থিক সহায়তা পেতে সুবিধা হয়। এখন স্বল্পমেয়াদি প্রশিক্ষণের পর শংসাপত্র সহজেই পেতে পারেন। তাও নিখরচায়, সরকারি সংস্থা থেকে। নিজের কাজের ক্ষতি করে প্রচুর সময় বরাদ্দ করারও দরকার পড়বে না।

একেবারে নিখরচায় খাদ্য তৈরির প্রশিক্ষণ দিচ্ছে কলকাতার ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশন।

## প্রশিক্ষণ ও স্বীকৃতি

হোটেল-রেস্তোরাঁয় রন্ধন বিভাগে কর্মরতদের স্বল্পমেয়াদিপ্রশিক্ষণ দিয়ে সার্টিফিকেট দেয় ভারত সরকারের পর্যটন মন্ত্রক। দক্ষতা বৃদ্ধির এই প্রশিক্ষণের নাম 'হুনার সে রোজগার তক'। 'হুনার' শব্দটির অর্থ 'দক্ষতা'। অর্থাৎ দক্ষতা বৃদ্ধির মাধ্যমে উপার্জনের ব্যবস্থা। পশ্চিমবঙ্গে এই প্রশিক্ষণ দেয় কলকাতার তারাতলায়, ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশন। ক্লাস এইট পাশ হলেই প্রশিক্ষণ নেওয়া যায়। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে।

আট সপ্তাহের প্রশিক্ষণ। থিওরিটিক্যাল ক্লাসের সঙ্গে হাতে-কলমে রান্নার প্রশিক্ষণ দেওয়া হয়। শেখানো হয় সবজি ও অন্যান্য উপকরণ পরিষ্কার ও জীবাণুমুক্ত করা, সবজি-মাছ- মাংস নানা আকারে কাটার পদ্ধতি, আধুনিক কিচেনের নানা সরঞ্জাম ব্যবহারের নিয়ম, বিবিধ মশলা ও তার ব্যবহার, খাবার পরিবেশনের আগে ও পরে পাত্র পরিষ্কার করা ইত্যাদি।

রান্নার প্রশিক্ষণ পর্বে জোর দেওয়া হয় আঞ্চলিক ঐতিহ্যগত পদ রান্নায়। চা-কফি-লস্যি থেকে শুরু করে স্ন্যাকস, স্যুপ, স্যান্ডউইচ, স্যালাড এবং মেন কোর্সে বিভিন্ন প্রকারের ডাল, ডিম-মাছ-মাংসের পদ, চাটনি থেকে শেষ পাতে পরিবেশনের মতো অন্তত চার রকম মিষ্টি তৈরিও শেখানো হয় প্রতিদিন ৪ ঘণ্টার প্র্যাক্টিক্যাল ক্লাসে। এছাড়াও নামী হোটেল, রেস্তোরাঁ বা ক্যাটারিং সংস্থার কিচেনে গিয়ে কাজ শেখার সুযোগ আছে।

প্রশিক্ষণ শেষে এক ঘণ্টার লিখিত পরীক্ষা নেওয়া হয়। অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন করা হয়। নেওয়া হয় প্র্যাক্টিক্যাল পরীক্ষাও। অন্তত ৬০ শতাংশ নম্বর পেলে পরীক্ষায় উত্তীর্ণ বলে ধরা হয়।

প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও ফি লাগে না। বরং ক্লাসে ৯০ শতাংশ উপস্থিতি থাকলে স্টাইপেন্ড পাওয়া যায়।

যোগাযোগের ঠিকানা: ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, কলকাতা, পি-১৬, তারাতলা রোড, সিপিটি কলোনি, আলিপুর, কলকাতা-৭০০ ০৮৮। ফোন: (০৩৩) ২৪০১-৪১২৪।

# বাঁকুড়ায় স্বাস্থ্যকর্মী

ল্যাবরেটরি টেকনিশিয়ান, মেডিক্যাল অফিসার, স্টাফ নার্স, কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট-সহ বিভিন্ন পদে ৪৪ জন স্বাস্থ্যকর্মী নেবে বাঁকুড়া জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি।পঞ্চদশ অর্থ কমিশনের হেলথ গ্র্যান্টে প্রাথমিক ভাবে এক বছরের চুক্তিতে নিয়োগ করা হবে জেলার বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ বৃদ্ধি পেতে পারে।

**শূন্যপদের বিবরণ: ব্লক এপিডেমিওলজিস্ট:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** লাইফ সায়েন্স বা এপিডেমিওলজিতে এম এসসি। অথবা বি এ এম এস অথবা বি এইচ এম এস অথবা বি ইউ এম এস-সহ পাবলিক হেলথে স্নাতকোত্তর ডিগ্রি (এম পি এইচ)। কম্পিউটারে এম এস অফিস বিষয়ে জ্ঞান থাকতে হবে। পি এইচ ডি বা এম ফিল করা থাকলে অথবা জনস্বাস্থ্য সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২১ থেকে ৪০ বছরের মধ্যে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩৫,০০০ টাকা।

**ব্লক পাবলিক হেলথ ম্যানেজার:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** লাইফ সায়েন্সে বি এসসি ডিগ্রি-সহ ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। কম্পিউটারে এম এস অফিস বিষয়ে জ্ঞান থাকতে হবে। লাইফ সায়েন্সে এম এসসি ডিগ্রি অথবা জনস্বাস্থ্য সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩৫,০০০ টাকা।

**ল্যাবরেটরি টেকনিশিয়ান:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বা বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক পাশ। সেই সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে বা স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন থেকে ল্যাবরেটরি টেকনিক্সে ডিপ্লোমা। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ১৯ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ২২,০০০ টাকা।

**ব্লক ডেটা ম্যানেজার:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনে অন্তত ১ বছর মেয়াদের ডিপ্লোমা। এম এস অফিস ও ইন্টারনেটের ব্যবহার জানতে হবে। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছর (সরকারি ক্ষেত্রে) বা ৫ বছরের (বেসরকারি ক্ষেত্রে) অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ২২,০০০ টাকা।

**মেডিক্যাল অফিসার:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস, সঙ্গে এক বছরের কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। **বয়স:** ৬২ বছরের মধ্যে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৬০,০০০ টাকা।

**স্টাফ নার্স:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১) । **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ। পাশাপাশি, ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষা জানতে হবে। **বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ২৫,০০০ টাকা।

**কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট-আর্বান (মহিলা):** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অক্সিলারি নার্স মিডওয়াইফারি (এ এন এম) বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি এন এম) কোর্স পাশ। সেই সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষা জানতে হবে। প্রার্থীকে অবশ্য বাঁকুড়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। **বয়স:** ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ১৩,০০০ টাকা।

১-১-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.bankura.nic.in, www.wbhealth.gov.in ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০ টাকা)। অনলাইনে এন ই এফ টি-র মাধ্যমে ফি জমা দিতে হবে 'District Health & Family Samity Bankura A/c Construction'-এর অনুকূলে এই অ্যাকাউন্ট নম্বরে: 0193013133910 (IFSC Code-PUNB0019320, Punjab National Bank, Bankura Branch) ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট নিয়ে নেবেন।

## দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন

✓ফি জমা দেওয়ার রসিদ।

✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓স্থায়ী বাসস্থানের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

২৮ জুলাইয়ের মধ্যে স্পিড পোস্টে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chief Medical Officer of Health, Bankura, Tamlibandh, Patpur Road Post+Dist- Bankura-722101. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পাওয়ার গ্রিড কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস

৭১ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে পাওয়ার গ্রিড কর্পোরেশন অব ইন্ডিয়ার পূর্বাঞ্চল বিভিয়ন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে পশ্চিমবঙ্গ এবং সিকিমে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: Apprenticeship/2022-23/ER-II/01.

ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে আসনসংখ্যার বিন্যাস: পশ্চিমবঙ্গ: ইলেক্ট্রিক্যাল: গ্রাজুয়েট: ১৫টি, ডিপ্লোমা: ২০টি, আই টি আই: ১০টি। সিভিল: গ্রাজুয়েট: ৩টি, ডিপ্লোমা: ৮টি। ইলেক্ট্রনিক্স টেলিকমিউনিকেশন: গ্রাজুয়েট: ২টি। কম্পিউটার সায়েন্স: গ্রাজুয়েট: ২টি। হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ: ২টি, কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটিজ এক্সিকিউটিভ: ২টি।

সিকিম: ইলেক্ট্রিক্যাল: ডিপ্লোমা: ২টি, গ্রাজুয়েট: ২টি। সিভিল: ডিপ্লোমা: ২টি, গ্রাজুয়েট: ২টি।

শিক্ষাগত যোগ্যতা: গ্রাজুয়েটদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং পাশ। ডিপ্লোমা প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা, আই টি আইয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভের ক্ষেত্রে হিউম্যান রিসোর্সে এম বি এ অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট বা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনে স্নাতকোত্তর ডিপ্লোমা। কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটিজ এক্সিকিউটিভের ক্ষেত্রে সোশ্যাল ওয়ার্ক অথবা রুরাল ডেভেলপমেন্ট বা ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি।

স্টাইপেন্ড: প্রতি মাসে ডিপ্লোমা পাশ প্রার্থীদের ক্ষেত্রে ১২,০০০ টাকা, আই টি আই পাশ প্রার্থীদের ক্ষেত্রে ১১,০০০ টাকা এবং অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে ১৫,০০০ টাকা।

৩১-৭-২০২২ তারিখ অনুসারে ২ বছর আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করবেন না। এছাড়া এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে এই ওয়েবসাইটে: https://portal.mhrdnats.gov.in এবং আই টি আই-সহ বাকি সব শাখার ক্ষেত্রে এই ওয়েবসাইটে: https://apprenticeshipindia.gov.in

এরপর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: to www.powergrid.in আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই। আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### তফসিলি জাতি ও অন্যান্যদের জন্য প্রি-ম্যাট্রিক স্কলারশিপ স্কিম

তফসিলি জাতি, অসংগঠিত ও ঝুঁকিপূর্ণ পেশায় নিযুক্ত পিতা-মাতা, অভিভাবকের সন্তানদের জন্য প্রি-ম্যাট্রিক স্কলারশিপ দেবে কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতাপ্রদান মন্ত্রক।

**স্কলারশিপের বিবরণ: তফসিলি জাতি ও উপজাতি:** নবম ও দশম শ্রেণিতে পাঠরতরা আবেদন করতে পারেন। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে আড়াই লাখ টাকার নীচে। স্কলারশিপের পরিমাণ: বার্ষিক ৭,০০০ টাকা।

**অসংগঠিত ও ঝুঁকিপূর্ণ পেশায় নিযুক্ত পিতা-মাতা অভিভাবকের সন্তান:** প্রথম থেকে নবম শ্রেণিতে পাঠরতরা আবেদনের যোগ্য। স্কলারশিপের পরিমাণ: বার্ষিক ৮,০০০ টাকা।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://scholarship.gov.in এখনই আবেদন করা যাচ্ছে।


### অতুল মহেশ্বরী ছাত্রবৃত্তি


সরকারি বিদ্যালয়ের নবম থেকে দ্বাদশ শ্রেণিতে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে অমর উজালা ফাউন্ডেশন। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে দেড় লাখ টাকার নীচে।


**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ৫০,০০০ টাকা। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/AMC9 অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ অগস্ট।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

১২ বছরের সরকার স্বীকৃত DIPLOMA AGRICULTURE COLLEGE
TAGORE SCHOOL OF RURAL DEVELOPMENT AND AGRICULTURE MANAGEMENT
Affiliated to 'UNIVERSITY OF KALYANI'
চাকরীমুখী ২ বছরের Diploma কোর্সগুলি:
• Soil & Plant Health Management
• Seed & Nursery Management
• Plant Protection
• Financing & Agri-business Management

শিক্ষাগত যোগ্যতা: ১০+২ যে কোন শাখা থেকে। স্নাতক ডিগ্রি অগ্রগণ্য।
Fully A.C Classroom & Campus
West Bengal Student Credit Card Scheme & Swami Vivekananda Scholarship Available
PLACEMENT ASSISTED
Admission Going On
Webel IT Park, Phase - II, Kalyani, Nadia
Web: www.tsrdam.co.in Email: training.tsrdam@gmail.com
Call: 9123831526 , 7439498600

Hostel Facility Available for Boys & Girls
LJD LAW COLLEGE - FALTA
Student Bus Service Available
Affiliated to University of Calcutta & Bar Council of India

Tollygunge Campus
Admission Information
2022 - 23
5 Year B.A.LL.B Course
Admission Only through University of Calcutta Law Entrance Exam - 2022

Falta Campus
Tollygunge Campus :
"METRO CITY PARK" Nepalgunge-Julpia Road, Raghabpur Kolkata-700103
Falta Campus :
Falta Nainan Road , PO - Sahararhat, Vill - Punnya, PS - Falta 24 Pgs (South) West Bengal
Head Office :
"Abhishek Point", 4th Floor, 152, S. P. Mukherjee Road, Kolkata-700026.
B.A.LL.B কোর্স ২০২২ - ২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য বিশেষ তথ্য
যে সমস্ত ১০+২ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আইনকে জীবিকা হিসাবে বেছে নিতে চাও , তাহলে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে কোলকাতা বিশ্ববিদ্যালয় অনুমোদিত কলেজ LJD LAW COLLEGE - এ ভর্তির জন্য যোগাযোগ করুন।
ভর্তির যোগ্যতা কমপক্ষে ১০+২ best of 4 subject এ ৪৫% নম্বর নিয়ে পাস হতে হবে , ST/SC and PH ছাত্র-ছাত্রীদের জন্য ৪০% হতে হবে । ভর্তির জন্য University of Calcutta র ভর্তির প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ভর্তি হওয়া যাবে ।
আমাদের মোট আসন সংখ্যা ২৪০, ৫ বছরের কোর্স এর জন্য মোট খরচ ৩,২২,০০০ /-
বিশদ জানতে যোগাযোগ করুন
অ্যাডমিশন অফিস LJD LAW COLLEGE - ৯৮৩০৫৭৭১৪৬ / ৯৮৩০০২১৭৯৯ / ৯৮৩০০৫৩০৯৬
আরও বিশদে জানার জন্য log on করুন www.ljdlawcollege.org

Admission Helpline 9830577146 / 9830021799 / 9830053096 :: Visit us on : www.ljdlawcollege.org

# সকলের চাই উচ্চশিক্ষার সাথে প্লেসমেন্ট আর প্রমোশন

## ADMISSIONS OPEN FOR 2022-23

### Class VIII Pass ছাত্র-ছাত্রীদের জন্য ভর্তি চলছে

মুক্ত বিদ্যালয় থেকে মাধ্যমিক (MP) এবং ITI কোর্স

### মাধ্যমিক পাশ ছাত্র-ছাত্রীদের জন্য ভর্তি চলছে

মুক্ত বিদ্যালয় থেকে HS (Science/Arts/Commerce), ITI (2 Years) এবং Polytechnic (3 Years) কোর্স

### উচ্চমাধ্যমিক পাশ ছাত্র-ছাত্রীদের জন্য ভর্তি চলছে

D. Pharmacy, B. Pharmacy, Paramedical, GNM Nursing, B.Sc Nursing, D.El.Ed, BA, B.Sc, B.Com, BA LLB, BBA, BCA, B.Tech, Polytechnic, Hotel Management, BBA in Hospital Management

### Sci./Arts/Comm. শাখার Graduate ছাত্র-ছাত্রীদের জন্য

B.Ed, B.P.Ed, LLB, MBA, MA (All Subject), M.Sc (All Subject), M.Com, M.Sc (Microbiology), M.Sc (Bio-technology), M.Sc (Computer Science)

### অন্যান্য কোর্স ছাত্র-ছাত্রীদের জন্য

Ph.D (All Subject), LLM, MCA, M.Tech, B.Lib, M.Lib, BSW, MSW, B.Sc & M.Sc (Agriculture), M.P.Ed, M.Ed

"ভর্তির জন্য সরাসরি কথা বলুন অভিজ্ঞ কাউন্সিলারদের সাথে"



**Miss Arpita Mondal**
Assistant Counsellor
9051551867



**Miss Muslima Khatun**
Assistant Counsellor
9748023586



**Miss Moumita Das**
Assistant Counsellor
6290233645



**Miss Moumita Das**
Assistant Counsellor
7044064045



**Miss Rimi Bhandari**
Assistant Counsellor
9088945055



**Miss Riya Bhattacharyay**
Ex. Academic Administrator
7003323135

SCAN HERE
QR CODE

## HALDAR GROUP OF INSTITUTIONS

(WB GOVT. REG. NO: IV-1903-00118/2022)

An ISO 9001:2008 Certified Institute | www.haldargroup.org

হেড অফিস ঃ সোনারপুর, এইচ. সি. সরনী, কলকাতা - 700150

কর্পোরেট অফিস ঃ সোনারপুর, মিশন পল্লী মোড়, কলকাতা - 700150



Ms. Riya Chakraborty
Chief Counsellor

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in